ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



অভিষেক-আরাধ্যকে রেখেই নিউইয়র্কে উড়াল দিলেন ঐশ্বরিয়া

পৃঃ ৫



রোসারিওতে ফেরার স্বপ্ন বাদ দিচ্ছেন দি মারিয়া

পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ 8 সংখ্যা ঃ ২১৪ ● কলকাতা ● ২১ শ্রাবণ, ১৪৩১ ● মঙ্গলবার ● ০৬ আগস্ট, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## বাংলাদেশের অগ্নিগর্ভ পরিস্থিতিতে

# বন্ধ করে দেয়া হলো হিলি সীমান্ত




**বেবি চক্রবর্ত্তী : নিউজ সারাদিন :** অগ্নি গর্ব বাংলাদেশ। বাংলাদেশে কারফিউ জারি করা হয়েছে। জারি হয়েছে সেনা শাসন। এই ঘটনার ফলে সীমান্তে পণ্য পরিষেবা ব্যাহত হয়েছে। নতুন করে হিলি সীমান্ত বন্ধ করে দেয়া হলে বাণিজ্যের উপরে এর প্রভাব পড়েছে।

হিলির স্থল সীমান্ত দিয়ে দুই দেশের মধ্যে বাণিজ্য চলে। তাই এই সীমান্তে বাণিজ্যের ওপর প্রভাব পড়েছে। বাংলাদেশের পূর্ব-দিনাজপুরের পরিস্থিতি খারাপ হচ্ছে। বেশ কিছু জায়গায় আগুন ধরিয়ে দেওয়ার ঘটনাও ঘটেছে। সোমবার সকালে রপ্তানি হবে, সেইমতো পণ্য বোঝাই লরি সীমান্ত পেরিয়ে যাবার জন্য তৈরি হয়। পরিস্থিতি এতটাই খারাপ পর্যায়ে গিয়ে পৌঁছায় যে বহি:বাণিজ্য বন্ধ করে দেওয়া হয়। এরফলে সীমান্তের কাছে লাইন দিয়ে দাঁড়িয়ে আছে বহু পণ্যবাহী গাড়ি। সীমান্ত রক্ষীরাও হিলি সীমান্তে কড়া নিরাপত্তা দিচ্ছে। পরিচিতি সামাল দিতে ইন্টারনেট পরিষেবা বন্ধ করে দেওয়া হয়েছে। কবে সীমান্ত খোলা হবে সেই সম্পর্কে এখনো স্পষ্ট কোন বার্তা পাওয়া যায়নি। গত বিক্ষোভের সময় ভারত-বাংলাদেশের কয়েকটি সীমান্ত বন্ধ ছিল। সেই সময় প্রায় কয়েকশো কোটি টাকা লোকসান হয়েছিল। হিলি সীমান্ত বন্ধ হবার ফলে ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্রে বড় ধরনের প্রভাব পড়বে বলে মনে করা হচ্ছে।

## বাংলাদেশ ইস্যু নিয়ে

### এমন কিছু করবেন না যাতে বাংলার সম্প্রীতি নষ্ট হয় অনুরোধ মুখ্যমন্ত্রী মমতার



**কলকাতা: নিউজ সারাদিন :** এদিন বিবৃতি দিয়ে মমতা বলেন, বাংলাদেশে এই উদ্ভূত পরিস্থিতির মধ্যে রাজ্যবাসীকে শান্তি ও সংযত থাকতে হবে। মমতার কথায়, 'সাধারণ মানুষকে আমি শান্তি ও সংযম থাকার অনুরোধ করব। এই নিয়ে কেউ কোনও প্ররোচনায় পা দেবেন না। এটা দ্বিপাক্ষিক ব্যাপার। কেন্দ্রীয় সরকারের নির্দেশ মতো কাজ আমরা করব।"

মমতা বলেন, "সবাইকে শান্ত থাকতে অনুরোধ করছি। গোটা বিষয়টা ভারত সরকারের অধীনে। কেন্দ্র এই নিয়ে যা সিদ্ধান্ত নেবে আমরা মেনে চলব।" পাশাপাশি সোশাল মিডিয়ায় পোস্টের ক্ষেত্রে বিজেপি নেতৃত্বকেও সতর্ক থাকতে হবে বলে পরামর্শ দিয়েছেন বাংলার মুখ্যমন্ত্রী। তিনি বলেন, 'বিজেপি নেতাদেরও বলছি, এমন কিছু পোস্ট করবেন না। অনেক

এরপর ৩ পাতায়

## অগ্নি গর্ব বাংলাদেশ নিরাপদ আশ্রয়ের উদ্দেশ্যে

# বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইস্তফা দিয়ে বোনের সঙ্গে দেশ ছাড়লেন --সেনা শাসন জারি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রীর পর থেকে ইস্তফা দিয়ে বোনকে সঙ্গে নিয়ে দেশ ছাড়লেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বাংলাদেশের সংবাদ মাধ্যম প্রথম আলো সূত্রের খবর দেশ ছাড়ার আগে তিনি পদত্যাগ করেন। তবে শোনা গিয়েছে যে কপ্টারে করে পশ্চিমবঙ্গের উদ্দেশ্যে রওনা দিয়েছেন। বাংলাদেশের পরিস্থিতি অত্যন্ত সংকটজনক হয়ে গেছে। ইতিমধ্যেই বাংলাদেশের প্রধানমন্ত্রীর বাসভবনে ঢুকে পড়েছে বিক্ষোভকারীরা। সূত্রের খবর এই পরিস্থিতিতে বাংলাদেশে সেনা শাসন জারি হতে পারে। মনে করা হচ্ছে এই আন্দোলনকে ছাত্র আন্দোলন বলা হচ্ছে না। এর নেপথ্যে রয়েছে পাকিস্তান।

দেশ ছাড়ার আগে প্রধানমন্ত্রী হাসিনা সেনাপ্রধানের সঙ্গে বৈঠক করেছিলেন। তারপরে তিনি পদত্যাগ করেন।

এরপর ৩ পাতায়

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

কবিতা সংকলন

দ্বীপ প্রস্থান

সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার

সহ-সম্পাদক : নিবেদিতা শেঠ

Phone : 9163761670 /9564382031

কবিতা, গল্প ও অনুগল্প সংকলন

অনুগল্প ও গল্পের জন্য ফোনে কথা বলে নেবেন নিয়ম ও কারণ জানার জন্য।

মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে

শিশু কিশোর আকাদেমি

তথ্য ও সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার

বিভাগীয় সাংস্কৃতিক প্রতিযোগিতা (প্রেসিডেন্সি বিভাগ)

আগামী ২৪ ও ২৫ আগস্ট '২৪ হাওড়া, উঃ ২৪ পরগনা, দঃ ২৪ পরগনা, নদিয়া এবং কলকাতার ছোটোদের জন্য সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

২৪ এবং ২৫ আগস্ট প্রেসিডেন্সি বিভাগের উল্লিখিত জেলাগুলির জন্য এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতার সময়সহ বিস্তারিত বিবরণ ও আবেদনপত্র সংগ্রহের জন্য দুপুর ১টা থেকে সন্ধে ৬টা পর্যন্ত (প্রতি ক্ষেত্রে শনি, রবি ও অন্য ছুটির দিন বাদে) কলকাতায় শিশু কিশোর আকাদেমির কার্যালয়ে নিম্নলিখিত ঠিকানায় আবেদনপত্র জমা দিতে হবে। আবেদনের শেষ তারিখ ২০ আগস্ট ২০২৪।

প্রতিযোগিতার বিষয়: 'ক' বিভাগ (৫ থেকে ১০+): রবীন্দ্রসংগীত, নজরুলগীতি, রাগপ্রধান গান, লোকগীতি, শাস্ত্রীয় নৃত্য, আবৃত্তি। 'খ' বিভাগ (১১ থেকে ১৬+): রবীন্দ্রসংগীত, নজরুলগীতি, রাগপ্রধান গান, লোকগীতি, শাস্ত্রীয় নৃত্য, আবৃত্তি, তাৎক্ষণিক বক্তৃতা। এই প্রতিযোগিতায় স্থানাধিকারীদের পুরস্কৃত করা হবে, প্রত্যেক অংশগ্রহণকারীকে শংসাপত্র দেওয়া হবে। এবং এই প্রতিযোগিতার ভিত্তিতেই আসন্ন 'পঞ্চদশ রাজ্য শিশু কিশোর উৎসব'-এ অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হবে।

বিঃ দ্রঃ- আসন্ন রাজ্য শিশু কিশোর উৎসবে দলগত অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য (গান, নাচ, আবৃত্তি, বৃন্দবাদন ইত্যাদি) এবং একক যন্ত্রবাদন, মূকাভিনয়, ম্যাজিক ইত্যাদি নানা বিষয়ের জন্য পেন ড্রাইভ/ডিভিডিসহ (অফেরতযোগ্য) সংশ্লিষ্ট দপ্তরে আবেদন করতে হবে। দলগত অনুষ্ঠানে দলের লেটারহেডেএবং অন্যান্য একক অনুষ্ঠানের জন্য সাদা কাগজে সংশ্লিষ্ট আধিকারিকের নামে চিঠি জমা দিতে হবে। প্রতিটি ক্ষেত্রে অবশ্যই পেন ড্রাইভ/ডিভিডি (অফেরতযোগ্য) দপ্তরে জমা দিতে হবে।

প্রতিযোগিতার স্থান: উত্তীর্ণ, আলিপুর। সময়: ২৪ আগস্ট সকাল ১০ টা থেকে 'ক' বিভাগ এবং ২৫ আগস্ট সকাল ১০টা থেকে 'খ' বিভাগ

শিশু কিশোর আকাদেমি। উত্তীর্ণ, দ্বিতীয় তল। ১এ, রিফর্মেটরি স্ট্রিট, আলিপুর, কলকাতা:২৭ফোন: ০৩৩ ২২২৩ ৬২১০ ই-মেল: skakademi@gmail.com


## পশুপতিনাথ শিব মন্দিরে ভোগ বিতরণ



**কলকাতা: নিউজ সারাদিন :** আজ, শ্রাবণ মাসের সোমবার, মাটিয়াবুর্জের ১ নং ওয়ার্ডের টিজি রোডে অবস্থিত পশুপতিনাথ শিব মন্দির প্রাঙ্গণে মহাদেবের পুজো করা হয়, এই উপলক্ষে হালুয়া বিতরণ করা হয়। উপরোক্ত তথ্য জানিয়েছেন বেলপুকুর যুব সংঘের প্রধান ব্যবস্থাপক সুরদা বাহাদুর সোনার পাপুল দাই। সুরদা বাহাদুর সোনার পাপুল দাই বলেন, এই মন্দিরটি প্রাচীন। শ্রাবণ মাসের প্রতি সোমবার মন্দির প্রাঙ্গণে ভোগের আয়োজন করা হয় এবং ভোলেনাথের ভক্তরা এসে উক্ত প্রসাদ গ্রহণ করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন সংঘের সভাপতি ধনঞ্জয় সিং, সঞ্জয় সিং, ১নং ওয়ার্ডের সিনিয়র তৃণমূল নেতা রাম নরেশ যাদব, চন্দ্রা বাহাদুর সোনার, সঞ্জয় জয়সওয়াল, অজয় কুমার বিজয় প্রমুখ। এসময় উপস্থিত ছিলেন শচীন রবি দাস, পারস সোনার, রঞ্জিত সিং, সন্দীপ ভট্টাচার্য, কৃষ্ণা চৌধুরী রাজা প্রমুখ।

## বাংলাদেশ ইসু নিয়ে প্রশাসনিক বৈঠক

# শুরু করেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি



**দিল্লী: নিউজ সারাদিন :** বাংলাদেশ ইস্যুতে মোদি-জয়শংকর জরুরি বৈঠক, বিদেশমন্ত্রীর সঙ্গে সাক্ষাতে কী বললেন রাহুল?

উচ্চ পর্যায়ের বৈঠকে রয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, বিদেশমন্ত্রী এস জয়শংকর, স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ প্রমুখ। অন্য দিকে দিল্লিতে হাসিনা পৌঁছতেই সংসদে গিয়ে বিদেশমন্ত্রীর সঙ্গে দেখা করলেন কংগ্রেস নেতা রাহুল গান্ধী।বাংলাদেশ বৈঠক শুরু হলেও এখনও পর্যন্ত হাসিনার সঙ্গে সরাসরি কথা বলেননি মোদি। তবে দিল্লি যে বিএনপি, জামাতের মতো ভারতবিরোধী শক্তিগুলিকে নিয়ে ভাবিত তা বলা বাহুল্য। সাউথ ব্লকের উচ্চ পর্যায়ের বৈঠকের পরেই ভারতের অবস্থান স্পষ্ট হবে বলে মনে করা হচ্ছে। এর মধ্যে কংগ্রেস নেতা রাহুল গান্ধীও সংসদে এসে দেখা করেছেন বিদেশমন্ত্রী এস জয়শংকরের সঙ্গে। উল্লেখ্য, ১৯৭১ এর বাংলাদেশের স্বাধীনতায় বড় ভূমিকা ছিলে তৎকালীন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর নেতৃত্বাধীন ভারত সরকার তথা ভারতীয় সেনার।

প্রসঙ্গত, পাঁচ দশক আগে শেখ মুজিবর রহমানের হত্যার পর নয়া দিল্লির পান্দারা রোডে এসে উঠেছিলেন তরুণী শেখ হাসিনা। সঙ্গে ছিলেন স্বামী এম ওয়াজেদ ও দুই সন্তান সজীব ও সাইমা পুতুল। ইন্দিরাই তাঁদের নিরাপত্তা দিয়েছিলেন। অর্ধশতক পরে অগ্নিগর্ভ বাংলাদেশ ছেড়ে মুজিবকন্যা শেখ হাসিনা ফের পালিয়ে এলেন সেই দিল্লিতে।

## মহারাষ্ট্রে বামেরা মহা বিকাশ আগাড়িতে

**এনএনএস: নিউজ সারাদিন :** চার রাজ্যের বিধানসভা নির্বাচনে কংগ্রেসের নেতৃত্বে ইন্ডিয়া জোট শরিকরা ইতিমধ্যে সক্রয়তা শুরু করেছে। বিজেপির চিন্তা মহারাষ্ট্র, হরিয়ানায় আবার ক্ষমতায় ফিরে আশা নিয়ে। অন্যদিকে উজ্জীবিত ইন্ডিয়া জোট এককাট্টা হয়ে বিজেপিকে হারাতে এখন থেকেই মাঠে-ময়দানে।

মহারাষ্ট্রে ইন্ডিয়া জোট মহাবিকাশ আগাড়ি বা এমডিএ-র নামে রয়েছে। বিধানসভার ভিতর ও বাইরে জোটবদ্ধ লড়াই দিয়ে শারদ পাওয়ার, উদ্ধব ঠাকরে, নানা পাটোলেরা এখন থেকে আলোচনা শুরু করেছেন। কোন দল কোন আসনে লড়লে বিজেপি ও শিন্ডে সেনাকে বেগ দেওয়া সম্ভব তা নিয়ে নিজেদের মধ্যে প্রতিনিয়ত মত বিনিময় করে চলেছেন। শারদ পাওয়ার অবশ্য তাঁর দল এন সি পির জন্য বেশি আসন দাবি করায় কিছুটা জটিলতা তৈরি হয়েছে। শারদের দাবির মূলে রয়েছে বিজেপির সহযোগী তাঁর ভাইপো অজিত পাওয়ারের এন সি পির অধিকাংশ নেতা-জনপ্রতিনিধিরা দলে ফিরে আসছেন। ফলে শারদ পাওয়ার দাবি করতে শুরু করেছেন যে তিনিই মহা বিকাশ আগাড়ির বড় দল। যদিও তা মানতে চাননা পৃথ্বীরাজ চৌহান, নানা পাটোলের মত কংগ্রেস নেতারা।

মহা বিকাশ আগাড়িকে আরও বৃহতর জোটে পরিণত করতে

এরপর ৩ পাতায়

## এক কোটি শরণার্থী বাংলাদেশ থেকে পশ্চিমবঙ্গে ঢুকতে চলেছে

# এমন দাবি বিরোধী দলনেতা শুভেন্দুর



**কলকাতা: নিউজ সারাদিন :** আন্দোলনের কারণে নতুন করে জ্বলছে বাংলাদেশ। মাত্র দু'দিনে প্রাণ হারিয়েছেন শতাধিক সাধারণ মানুষ। এই আবহে আজ প্রধানমন্ত্রীর পদ থেকে ইস্তফা দিয়ে বোনকে নিয়ে দেশ ছেড়েছেন হাসিনা। জানা যাচ্ছে, এই মুহূর্তে আগরতলায় রয়েছেন তিনি। এসবের মাঝেই পড়শি দেশ থেকে শরণার্থী আসছে বলে ঘোষণা করলেন নন্দীগ্রামের বিধায়ক ও বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।উল্লেখ্য, সোমবার প্রধানমন্ত্রীর পদ থেকে ইস্তফা দিয়েছেন শেখ হাসিনা। এই আবহে এবার রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী জানালেন, ওপার বাংলা থেকে ১ কোটি শরণার্থী আসছে, আশ্রয় দেওয়ার জন্য তৈরি থাকুন। এই নিয়ে কথা বলতে গিয়েই সিএএ-র প্রসঙ্গও টেনেন আনেন শুভেন্দু। রাজ্যের বিরোধী দলনেতা বলেন, সিএএ-তে পরিষ্কার বলা আছে ধর্মীয় উৎপীড়নের কারণে কেউ এসে তাঁকে আশ্রয় দিতে হবে। এখানেই না থেমে তিনি বলেন, ৩ দিনের মধ্যে যদি বাংলাদেশের পরিস্থিতি নিয়ন্ত্রণে না আসে, তাহলে ১ কোটির অধিক হিন্দু শরণার্থীকে গ্রহণ করার জন্য তৈরি থাকুন। যেখানে যার জায়গা রয়েছে, হিন্দু ভাইদের রাখার জন্য তৈরি থাকুন।

এদিন বিধানসভা থেকে বেরিয়ে সংবাদমাধ্যমের মুখোমুখি হন শুভেন্দু। এরপর বলেন, 'পশ্চিমবঙ্গে ১ কোটি শরণার্থী আসবে। আমি তো তৈরি আছি। আপনারাও প্রস্তুত থাকুন। মুখ্যমন্ত্রী এবং রাজ্যপালকে বলব, কেন্দ্রের সঙ্গে এই বিষয়ে কথা বলুন'।

## বিধায়ক নওশাদ সিদ্দিকীর সঙ্গে আলাদা করে

# কথা বললেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বিধায়ক নওশাদ সিদ্দিকীর সঙ্গে আলাদা করে কথা বললেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সোমবার বিধানসভা অধিবেশনে ঘটল এই ঘটনা। মুখ্যমন্ত্রীর নির্দেশ পেয়েই মন্ত্রী ফিরহাদ হাকিম এসে ডেকে নিয়ে যান নওশাদকে। তারপরেই আলাদা করে হাউজের বাইরে নওশাদের সঙ্গে কথা বলেন মুখ্যমন্ত্রী। ওই সাক্ষাৎ ঘিরে জল্পনা ছড়ালেও নওশাদ পরে বলেন, "ফুরফুরা শরীফের একটা কাজ ছিল। নওশাদের সংযোজন, "দক্ষিণবঙ্গের তুলনায় উত্তরবঙ্গ পিছিয়ে রয়েছে। কলকাতার পিজি হাসপাতালের মতো উন্নত মানের হাসপাতাল উত্তরবঙ্গে দেওয়ার প্রয়োজন আছে। চিকিৎসা পরিষেবার মান কলকাতার থেকে অনেক পিছিয়ে আছে। দুঃখের বিষয়, ১৭ বার চা বাগানের মালিক, শ্রমিক ও সরকার পক্ষ মিটিং করলেও এখনও চা শ্রমিকদের ন্যুনতম মজুরি ঠিক করা সম্ভব হল না। পরিশেষে বলি, আমি বঙ্গভঙ্গের প্রচেষ্টার বিরুদ্ধে।"উনি তা করে

এরপর ৩ পাতায়

## বিধানসভায় বঙ্গভঙ্গের বিরোধিতায় বিরোধী দলনেতা

# শুভেন্দু অধিকারীর প্রস্তাবকে মেনে নিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়



**বেবি চক্রবর্ত্তী : নিউজ সারাদিন :** বঙ্গভঙ্গের বিরোধিতায় রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর প্রস্তাব মেনে নিলেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বঙ্গভঙ্গ বিরোধী প্রস্তাবের ওপর আলোচনায় সোমবার বিধানসভা এই নজিরবিহীন ঘটনার সাক্ষী থাকলো।

বঙ্গভঙ্গের দাবি জানিয়ে বিজেপি রাজ্য সভাপতি তথা কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ডঃ সুকান্ত মজুমদার কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহকে চিঠি দিয়েছিলেন। এর বিরোধিতা করে রাজ্য সরকার বিধানসভায় বঙ্গভঙ্গ বিরোধী প্রস্তাব পেশ করে। এই বিষয়ে এদিন বিধানসভায় আলোচনায় অংশ নিয়েছিলেন বিজেপি বিধায়করা। রাজনীতির উর্ধ্বে উঠে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর প্রস্তাবকে সমর্থন করেছেন বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। শুভেন্দু অধিকারী প্রস্তাব দেন "অনন্ত মহারাজের সঙ্গে বৈঠক করেছেন মুখ্যমন্ত্রী। "অবিভক্ত পশ্চিমবঙ্গের উন্নয়ন নিয়ে প্রস্তাব আনলে আমরা সহমত পোষণ করব। মমতা বন্দ্যোপাধ্যায় বলেছেন "করব বলে কাদা ছোড়াছুড়ি করবো কেন? আমি দেশ ও রাজ্য দুটোই ভালোবাসি"। তারপরেই তিনি শুভেন্দু অধিকারীর প্রস্তাব যুক্ত করার কথা বলেন। মুখ্যমন্ত্রী আরও বলেন " নর্থ ইস্টার্ন কাউন্সিল হল উত্তর-পূর্ব ভারতের রাজ্য গুলির জন্য। আমরা কেবল মাত্র দার্জিলিংয়ের সাবসিডির জন্য বলেছিলাম। বাংলা ভাগের জন্য উত্তরবঙ্গে অনেকেই বলেছেন। কিন্তু বাংলাকে এক রাখার ক্ষেত্রে উত্তরবঙ্গের অনেক অবদান রয়েছে। এই সম্প্রীতি এবং ঐক্য বাংলার সম্পদ"।

শুভেন্দু অধিকারী বিধান সভায় এ দিন বক্তব্য পেশ করতে গিয়ে বলেন " পশ্চিমবঙ্গকে ভারতের অন্তর্ভুক্ত করতে সাহায্য করেছিল ভারতীয় জনতা পার্টি। এখন সেই বঙ্গভঙ্গের দাবির অভিযোগ করে সেই অবদানকে কার্যত অস্বীকার করা হচ্ছে। কারোর ব্যক্তিগত মতামতকে যুক্ত করা উচিত হচ্ছে না। ভারতীয় জনতা পার্টি চায়না বাংলা ভাগ হোক"। তারপরেই মুখ্যমন্ত্রী বলেন অবিলম্বে যেন বিরোধী দলনেতার এই প্রস্তাব অন্তর্ভুক্ত করা হয়।

## তারকেশ্বরে পুর্নার্থীদের পায় মলম লাগিয়ে

# জল দিলেন মৌলানা মাবুদ আলী

**বেবি চক্রবর্ত্তী: হুগলি: নিউজ সারাদিন :** শ্রাবণ মাসের তৃতীয় সোমবার আজ। হুগলির তারকেশ্বরের পথে শনিবার থেকেই বেড়েছে শিব-ভক্তদের ভিড়। ঘণ্টার পর ঘণ্টা পায়ে হেঁটে মন্দিরে যান ভক্তরা। আর সেই ভক্তদের সেবা করতে এগিয়ে এলেন মাবুদ আলি, সঈদ উজ্জামানরা। বৈদ্যবাটি বা শেওড়াফুলি গঙ্গার ঘাট থেকে জল নিয়ে পায়ে হেঁটে রবিবার দুপুর থেকেই তারকেশ্বর মন্দিরের দিকে যাচ্ছেন লক্ষ লক্ষ পূণ্যার্থী। পরম যত্নে তাঁদের সেবা করতে দেখা গেল মাবুদ, সঈদদের। কেউ ৩০ কিলোমিটার, কেউ ৪০ কিলোমিটার রাস্তা হেঁটে যাচ্ছেন ওই মন্দিরে। শ্রাবণ মাসে এই রীতি মেনে কাঁধে বাঁক নিয়ে অনেকেই যান তারকেশ্বরে। পথে কেউ এগিয়ে দেন খাবার, কেউ দেন জল। রবিবার দেখা গেল পায়ে ব্যাথা কমানোর ওষুধ দিচ্ছেন মাবুদ আলি, দিচ্ছেন জল, বিস্কুটও।মাবুদ আলি মনে করেন বাংলা হল সম্প্রীতির জায়গা আর মানব সেবাই হল আসল ধর্ম। তাই কোন ধর্মের মানুষকে সেবা করছেন, তা আলাদা করে ভাবেন না তিনি। এর মানুষের সেবা করেই পৃথিবী ত্যাগ করতে চান মাবুদ। তিনি বলেন, "কে কী ফতোয়া দিল, তাতে আমি গুরুত্ব দিই না। অনেক কষ্ট করে ওরা যাচ্ছে। ৮-১০ ঘণ্টা খালি পায়ে হাঁটছে। এই বিশ্বাসটাই তো বড় কথা।" ধর্মের প্রতি এই বিশ্বাসটাই নাড়িয়ে দিয়েছে মাবুদ আলিকে। তাই ডানকুনি থেকে মানুষের সেবা করতে তিনি ছুটে গিয়েছেন তারকেশ্বরে। তাঁর কথায়, 'যে যার ধর্ম, সে তার মতো পালন করুক। মানুষ হয়ে মানুষের পাশে দাঁড়ানোই আসল ধর্ম।'







## 370 এবং 35(A) অনুচ্ছেদ বাতিলের পঞ্চম বর্ষ উদযাপন করেছেন প্রধানমন্ত্রী

**নয়াদিল্লি, ৫ অগাস্ট, ২০২৪ : নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ সংসদে ৫ বছর আগের 370 এবং 35(A) অনুচ্ছেদ বাতিল করার সিদ্ধান্তকে মনে করিয়ে দিলেন। তিনি এটিকে বললেন এক গুরুত্বপূর্ণ মুহূর্ত যা জম্মু ও কাশ্মীর এবং লাদাঘের অগ্রগতি ও সমৃদ্ধির নতুন যুগের সূচনা করেছিল। শ্রী মোদী এক্স-এ পোস্ট করেছেন:

“আজ আমরা ভারতীয় সংসদে 370 এবং 35(A) অনুচেছদ বাতিলের সিদ্ধান্তের ৫ বছর পূর্ণ করছি। আমাদের দেশের ইতিহাসে এটি ছিল এক গুরুত্বপূর্ণ মুহূর্ত। এটি ছিল জম্মু ও কাশ্মীর এবং লাদাখের অগ্রগতি ও সমৃদ্ধির নতুন যুগের সূচনা। এর অর্থ ভারতের সংবিধান এই স্থানগুলিতে রূপায়িত হল আক্ষরিকভাবে, সংবিধান প্রণেতা মহান পুরুষ ও নারীর ভাবনার সঙ্গে সঙ্গতি রেখে। এই বাতিলের সঙ্গে সঙ্গে উন্নয়নের ফল থেকে বঞ্চিত মহিলা, যুবসমাজ, অনগ্রসর শ্রেণী, জনজাতি এবং প্রান্তিক সমাজের জন্য এল নিরাপত্তা, মর্যাদা এবং সুযোগ। একইসঙ্গে দশকের পর দশক ধরে দুর্নীতিপীড়িত জম্মু ও কাশ্মীরকে দুর্নীতির কবল থেকে মুক্ত করা নিশ্চিত হল।” আমি জম্মু ও কাশ্মীর এবং লাদাখের মানুষকে আশ্বস্ত করতে চাই যে, আমাদের সরকার তাদের জন্য কাজ চালিয়ে যাবে এবং আগামীদিনে তাদের প্রত্যাশ্যা পূরণ করবে।

## 'হিন্দু জাতীয়তাবাদী' আদর্শে বিজেপির উত্থান চাইলেও, বঙ্গে বিজেপির হারে চিন্তায় সংঘ

**এনএনএস: নিউজ সারাদিন :** বঙ্গে বিজেপির সাংগঠনিক পরিস্থিতি ও নেতৃত্বের অব্যাহত সংঘাতে চিন্তায় পড়েছেন সংঘ নেতৃত্ব। লোকসভা নির্বাচনে পশ্চিমবঙ্গে বিজেপি তথা হিন্দুত্ববাদী শিবির নির্বাচনে প্রবল বিপর্যয়ে পড়ার পর সংগঠনের খোল নলচে পরিবর্তনের দাবি উঠতে জোরালো দাবি উঠতে শুরু করেছে। বিজেপির শোচনীয় হারে উদ্বেগ বেড়েছে উত্তর কলকাতার কেশব ভবনের আর এস এস কর্তাদের মধ্যে। দলের অভ্যন্তরে তৃণমূল কংগ্রেস থেকে আসা নব্য গোষ্ঠীর সঙ্গে আদি বিজেপি সংঘ ঘেঁষা নেতা-কর্মীদের মানসিক দূরত্ব বাড়ছে। দলের অভ্যন্তরে সংঘাতও চরম আকার নিয়েছে। শুভেন্দু অধিকারীর বিরুদ্ধে একজোট হয়েছেন দিলীপ ঘোষ, সুকান্ত মজুমদাররা।

আর এস এসের বাংলা মুখপত্র 'স্বস্তিকা'য় চাঁচাছোলা ভাষায় বিজেপির নির্বাচনী ব্যর্থতা, দলের অভ্যন্তরে গোষ্ঠী সংঘাত-এর তীব্র নিন্দা করা হয়েছে। আর এস এস নেতারা তৃণমূলস্তর থেকে উপরে সাংগঠনিক কাঠামোর পরিবর্তন চাইছে। ২০২১ সালে বিধানসভা নির্বাচনে প্রায় ৬০ শতাংশ আসনে তৃণমূল, সি পি এম, কংগ্রেস থেকে আসা ব্যক্তিদের প্রার্থী করে। এতে প্রত্যাশিত ফল আসে নি। উল্টে রাজীব বন্দ্যোপাধ্যায়, সব্যসাচী দত্ত সহ অনেকেই আবার বিজেপি ছেড়ে তৃণমূল কংগ্রেসে ফিরে গেছেন। ব্যারাকপুরে বার বার দল বদলে বিশ্বাসযোগ্যতা খুইয়ে অর্জুন সিং শোচনীয় ভাবে পরাজিত হয়েছেন। তৃণমূল থেকে এসে তাপস রায় উত্তর কলকাতায় দলকে জেতাতে পারেন নি। আদি বিজেপি শিবিরের আশঙ্কা তাপস রায় আবার তৃণমূল কংগ্রেসে ফিরে যেতে পারেন।

আর এস এস ও হিন্দু জাতীয়তাবাদী আদর্শে বিজেপির উত্থান চাইছে। তৃণমূল থেকে নেতা-কর্মীদের এনে দল ভারি করে যে বিজেপি প্রত্যাশা মত ফল করতে পারছে না তা নিয়ে নিশ্চিত সংঘ পরিবার। তবে আর এস এস যাই পরামর্শ দিন না কেন বিজেপির কেন্দ্রীয় নেতৃত্বকে আগামী দিনেও পশ্চিমবঙ্গে তৃণমূল থেকে আসা নেতা-নেত্রীদের ওপর ভরসা রাখতে হবে। তবে এবারের লোকসভা নির্বাচনে তৃণমূল থেকে আসা কার্তিক পাল, অর্জুন সিং, তাপস রায়, শীলভদ্ররা টিকিট পেলেও আদি বিজেপি ও সংঘ ঘনিষ্টরাই বেশি টিকিট পান। বিজেপির জয়ী ১২জন সাংসদের মধ্যে তৃণমূল থেকে আসা ২জন বিজয়ী হয়েছেন। সংঘ চাইলেও তৃণমূল কংগ্রেসের বিদ্রোহীদের দল আনা টেকানো যে সম্ভব নয় তেমনটাই মনে করছেন রাজনৈতিক মহল। তবে পশ্চিমবঙ্গের সংঘের সূত্র মেনে বিজেপির সাংগঠনিক নেতৃত্বের ব্যাপক পরিবর্তন ঘটছে। মহাসচিব অমিতাভ চক্রবর্ত্তীকে সরানোর ভাবনা রয়েছে। ১২টি জেলার সভাপতি ও জেলা নেতৃত্বও পরিবর্তন চাইছেন আর এস এস নেতৃত্ব। বিজেপি ফিরতে চলেছে হিন্দুত্বের হার্ড লাইনে।

১-ম পাতার পর

## অগ্নি গর্ব বাংলাদেশ নিরাপদ আশ্রয়ের উদ্দেশ্যে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইস্তফা দিয়ে বোনের সঙ্গে দেশ ছাড়লেন --সেনা শাসন জারি

বিশেষজ্ঞরা মনে করছেন প্রথমদিকে এই আন্দোলন ছাত্ররা শুরু করলেও পরে সেই আন্দোলন ছাত্রদের হাত থেকে ছিনতাই করে জামাত এবং বিএনপি পরিকল্পিত ভাবে চালনা করেছে।

বাংলাদেশের রাজপথের সেনা নামানো হয়েছে। অনেক গাড়িতে অগ্নিসংযোগ করা হয়েছে। বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশ ছাড়ার আগে দেশবাসীর প্রতি একটি বার্তা রেকর্ড করতে চেয়েছিলেন কিন্তু সময়ের অভাবে করতে পারেননি। বোন রেহানাকে নিয়ে তড়িঘড়ি কপ্টারে করে দেশ ছেড়েছেন হাসিনা।

এখনো পর্যন্ত বাংলাদেশের মিট এর সংখ্যা ৩০০ ছাড়িয়ে গেছে। পরিস্থিতি এতটাই ভয়াবহ আকার ধারণ করেছে যে পুলিশের হাত থেকে বাংলাদেশে নিরাপত্তার দায়িত্ব সেনাকে দিতে হয়েছে। তবে বাংলাদেশে যদি সেনা শাসন জারি হয় তাহলে ভারতের পক্ষেও পরিচিতি খুব একটা ভালো হবে না। বাংলাদেশের সেনাপ্রধান জেনারেল ওয়াকার উজ জামান সাংবাদিক বৈঠকে জানিয়েছেন এখন রাজনৈতিক ক্রান্তিকাল চলছে। রাষ্ট্রপতির সাথে আলোচনা করে দেশে অন্তর্ভুতি সরকার গঠনের কথা ঘোষণা করা হবে। রাজনৈতিক দলের নেতাদের সঙ্গেও বৈঠক করা হয়েছে। পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত কারফিউ চলবে। দেশে কোন সেনা আর পুলিশ কোন রকম কারুর উপর গুলি চালাবে না। এবং দেশের জনগণের কাছে শান্তি-শৃঙ্খলা বজায় রাখার অনুরোধ করেছেন সেনাপ্রধান। সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে সেনাপ্রধান বলেন, জাতীয় পার্টি, বিএনপি ও জামায়াতে ইসলামির সঙ্গে বৈঠক হয়েছে। সেনাপ্রধান ওয়াকার উজ জামান আরো বলেন এখন অন্তর্বর্তী সরকার গঠনের ব্যাপারে বঙ্গভবনে বিস্তারিত আলোচনা হবে। আজকের রাতের মধ্যে একটা সলিউশন করা যাবে বলে আশা প্রকাশ করেছেন তিনি।

পাশাপাশি বিএনপি'র মহাসচিব মীর্জা ফখরুল ইসলাম আলমগীর সেনাপ্রধানের সঙ্গে বৈঠকের পর দেশবাসীকে শান্ত থাকার আহ্বান জানিয়েছেন।

১-ম পাতার পর

## বাংলাদেশ ইস্যু নিয়ে এমন কিছু করবেন না যাতে বাংলার সম্প্রীতি নষ্ট হয় অনুরোধ মুখ্যমন্ত্রী মমতার

বিজেপি নেতাই ইতিমধ্যে পোস্ট করেছেন। আমি বলব, হিংসা, প্ররোচনা ছড়াবেন না কেউ।'

বাংলাদেশের ঘটনায় উদ্বেগ প্রকাশ করে মুখ্যমন্ত্রী বলেন, "ভারত একটা দেশ। বাংলাদেশ একটা দেশ। সকলকে শান্ত থাকতে হবে। সব সন্তানরা ভাল থাকুন। সকলেই আমাদের ভাইবোন। আমাদের মূল লক্ষ্য হোক দুই দেশে পরিস্থিতি স্বাভাবিক রাখাই। শান্তি রক্ষা করা হোক।"

বাংলাদেশে উদ্ভূত পরিস্থিতি নিয়ে মমতা সাফ জানান, "বাংলাদেশে এখন যে পরিস্থিতি চলছে, তা বাংলাদেশ সরকার এবং ভারত সরকার দেখে নেবে। এই বিষয়ে কেন্দ্র যা বলবে আমরা সেভাবেই কাজ করব।" নিজের দল ও রাজ্যবাসী সহ বিরোধীদের উদ্দেশে পরামর্শ দিয়ে মুখ্যমন্ত্রীর বার্তা, "সমস্ত রাজনৈতিক নেতা এবং সকল জনগণকে অনুরোধ করছি দয়া করে এমন কিছু পোস্ট করবেন না যাতে এখানকার সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট হয়।

## সমাজবাদী পার্টি ভাঙ্গতে অপারেশন লোটাস?

**এনএনএস: নিউজ সারাদিন :** নয়াদিল্লির রাজনৈতিক মহলে জোরালো গুঞ্জন যে মোদী-শাহরা সংসদে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করতে আবার অপারেশন লোটাসের রাস্তায় যেতে পারেন। উত্তরপ্রদেশে গেরুয়া শিবির সমাজবাদী পার্টি-কংগ্রেসের চ্যালেঞ্জে অশনি সংকেত দেখতে শুরু করেছেন। এরই প্রেক্ষিতে বিজেপির জাতীয় নেতারা উত্তরপ্রদেশে ব্যাকফুটে থাকা পরিস্থিতি থেকে বেরিয়ে আসলে সমাজবাদী পার্টি, বি এন পি, কংগ্রেসে ভাঙ্গন ধরানোর সম্ভাবনা নিয়ে বিচার বিশ্লেষণ করছেন।

বিজেপির অন্দরে দলের এক বড় অংশ মনে করছেন যে যোগী আদিত্যনাথকে মুখ্যমন্ত্রী রেখে ২৭-এর বিধানসভা নির্বাচনে বিজেপির জয়ের কোন সম্ভাবনা নেই। তাঁরা ওবিসি-দলিত মুখ কেশব প্রসাদ মৌর্য্যকে মুখ্যমন্ত্রী করে লড়াইয়ের পক্ষে। আরএসএস যোগী আদিত্যনাথ-কে সরিয়ে নেতৃত্ব পরিবর্তনে সাড়া দেয়নি। তারা মনে করে যে, উত্তর প্রদেশে যোগী আদিত্যনাথ এখনও যথেষ্ট জনপ্রিয়। দলিত-ওবিসি মুখকে মুখ্যমন্ত্রী করার দাবি বিজেপির অন্দরেই নাকচ হয়ে গেছে।

এদিকে সমাজবাদী পার্টি উত্তর প্রদেশ বিধানসভায় কোন দলিত, ওবিসি, মুসলমান মুখ নয়, মাতা প্রসাদ পান্ডের মত প্রবীণ সমাজবাদী নেতাকে উত্তরপ্রদেশ বিধানসভার বিরোধী পক্ষের নেতা করার যথেষ্ট বিস্ময় তৈরি হয়েছে। উচ্চবর্ণের হিন্দু, বিশেষ করে ব্রাহ্মণদের রাজনৈতিক বার্তা দিয়েছেন অখিলেশ যাদব এমনটাই মনে করা হচ্ছে।

বিজেপির সমাজবাদী পার্টির সাংসদ, বিধায়কদের কাছে টানতে শিবপাল সিং যাদবকে হাত করতে চাইছে বলে জোরালো গুঞ্জন তৈরি হয়েছে। সমাজবাদী পার্টির একাধিক সাংসদ বিধায়ককে দলে টানতে মোদী-অমিত শাহরা 'অপারেশন লোটাস' চালাতে পারেন বলে রাজনৈতিক মহলে গুঞ্জন তৈরি হলেও, অখিলেশ যাদব তাকে পাত্তা দিতে চাইছেন না। উল্টে অখিলেশ যাদবের ঘনিষ্ঠ জনেদের দাবি যে উত্তর প্রদেশে অভ্যন্তরীণ টানাপোড়েন, দলের অভ্যন্তরে জাতিদ্বন্দ্বে কারণেই ২০২৭-এর রাজ্য বিধানসভা নির্বাচনের আগে যোগী আদিত্যনাথ সরকারের পতন ঘটবে। এদিকে স্বয়ং অখিলেশ যাদবের ভবিষ্যৎবাণী মোদী সরকারের কয়েক মাসেই পতন ঘটতে চলেছে। তেলেগু দেশম, জনতা দল(ইউ)-অভ্যন্তরীণ জোট সংঘাতে মোদী সরকার থেকে সমর্থন প্রত্যাহার করে নেবে।

শুধু অখিলেশই নয়, মমতা বন্দ্যোপাধ্যায়, উদ্ধব ঠাকরে, শারদ পাওয়ার, স্তালিনের মত বিজেপি বিরোধী একাধিক নেতা বর্তমান মোদী সরকারের স্থায়ীত্ব নিয়ে প্রশ্ন তুলতে শুরু করেছেন। এদিকে বিজেপির অপারেটররাও সক্রিয় অপারেশন লোটাসের মাধ্যমে ইন্ডিয়া জোট শরিকদের ভেঙ্গে দেওয়া।

## বনাঞ্চলের লিজ

**নয়াদিল্লি, ৫ অগাস্ট, ২০২৪ : নিউজ সারাদিন :** পরিবেশ, বন এবং জলবায়ু পরিবর্তন মন্ত্রকের অধীন সংস্থা দেরাদুনের ফরেস্ট সার্ভেঅফ ইন্ডিয়া বা ভারতের বন সর্বেক্ষণ দেশের সমগ্র বনাঞ্চলের দ্বিবার্ষিক সমীক্ষা করে এবং এর ফলাফল প্রকাশিত হয় ইন্ডিয়া স্টেট অফ ফরেস্ট রিপোর্ট (আইএসএফআর)-এ। ২০২১-এর ইন্ডিয়া স্টেট অফ ফরেস্ট রিপোর্ট (আইএসএফআর) অনুযায়ী দেশের নথিভুক্ত বনাঞ্চলের আয়তন ৭,৭৫,২৮৮ বর্গ কিলোমিটার। পশ্চিমবঙ্গের ভৌগোলিক আয়তন ৮৮,৭৫২ বর্গ কিলোমিটার। এর মধ্যে নথিভুক্ত বনাঞ্চল ২০২১-এর তথ্য অনুযায়ী ১১,৮৭৯ বর্গ কিলোমিটার। এর মধ্যে সংরক্ষিত বনাঞ্চলের আয়তন ৭,০৫৪ বর্গ কিলোমিটার, সুরক্ষিত বনাঞ্চল ৩,৭৭২ বর্গ কিলোমিটার, শ্রেণিবিহীন বনাঞ্চল ১,০৫৩ বর্গ কিলোমিটার। ভূমি একটি রাজ্যের তালিকাভুক্ত বিষয়। বনাঞ্চল এবং তার আইনি সীমানা স্থির করে এবং তদারক করে সংশ্লিষ্ট রাজ্য সরকার বা কেন্দ্রশাসিত অঞ্চলের প্রশাসন। সেইমতো কোনও বনাঞ্চল লিজ দেওয়া অথবা বরাদ্দ করার চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা একমাত্র সংশ্লিষ্ট রাজ্য সরকার বা কেন্দ্রশাসিত অঞ্চল প্রশাসনের এক্তিয়ারে পড়ে। তবে, কোনও বনাঞ্চল অন্য উদ্দেশ্যে ব্যবহার করতে হলে বন(সংকর্ষণ এবং সংবর্ধন) অধিনিয়ম ১৯৮০-এর অধীনে কেন্দ্রীয় সরকারের পূর্ব অনুমোদন প্রয়োজন। এছাড়া অরণ্যের সুরক্ষা এবং তার তদারকির প্রাথমিক দায়িত্ব সংশ্লিষ্ট রাজ্য সরকার বা কেন্দ্রশাসিত অঞ্চল প্রশাসনের যারা ১৯২৭-এর ভারতীয় অরণ্য আইনের ধারা এবং রাজ্যের নির্দিষ্ট আইন এবং তার বিধি অনুসারে বনাঞ্চলের বেআইনি দখলদারি উচ্ছেদ করতে উপযুক্ত ব্যবস্থা নিতে পারে। আজ লোকসভায় এক লিখিত জবাবে এই তথ্য জানিয়েছেন, পরিবেশ, বন এবং জলবায়ু পরিবর্তন মন্ত্রকের প্রতিমন্ত্রী শ্রী কীর্তি বর্ধন সিং।

২ পাতার পর

## বিধায়ক নওশাদ সিদ্দিকীর সঙ্গে আলাদা করে কথা বললেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়

দিয়েছেন। একান্ত ব্যক্তিগত বিষয়ে আলোচনা হয়েছে। এর সঙ্গে রাজনৈতিক কোনও সম্পর্ক নেই।"

উল্লেখ্য, এদিনই বিধানসভায় ১৮৫ রুল অনুযায়ী বঙ্গভঙ্গের প্রচেষ্টার বিষয়ে প্রস্তাব পেশ করা হয়। সেই আলোচনায় অংশ নিয়ে RSMP বিধায়ক নওশাদ সিদ্দিকী বলেন, "আমি প্রথমেই বলি নীতিগতভাবে কোনও ভাবেই বাংলা ভাগ মেনে নেওয়া যায় না, বাংলা ভাগ করা যায় না। তবে একটা কথা মনে করিয়ে দেব, যে অনন্ত মহারাজ গ্রেটার কোচবিহারের দাবি তুলেছিলেন, সেই অনন্ত মহারাজের বাড়িতে রাজ্যের প্রশাসনিক প্রধান মুখ্যমন্ত্রী গিয়েছিলেন। এটা কী ইঙ্গিত করে?"

২ পাতার পর

## মহারাষ্ট্রে বামেরা মহা বিকাশ আগাড়িতে

রাজি রয়েছেন শারদ পাওয়ার-উদ্ধব ঠাকরেরা। এই পরিস্থিতি সীমিত রাজনৈতিক গণ ভিত্তিকে সামনে রেখেই সি পি এম, সি পি আই, বেজেন্টস অ্যান্ড ওয়ার্কাস পার্টি, প্রকাশ আম্বেদকরের গোষ্ঠীকে মহাবিকাশ আগাড়িতে আনার প্রশ্নে ভাবনা-চিন্তা চলছে। কংগ্রেস হাইকম্যান্ডও বিজেপি লড়াইয়ের সাংগঠনিক বৃত্তকে বড় করতে চাইছেন। এ নিয়ে সি পি এম নেতা সীতারাম ইয়েচুরি, সি পি আইএর ডি রাজা, শারদ পাওয়ার, উদ্ধব ঠাকরে আমন কি রাহুল গান্ধীর সঙ্গেও কথা বলেছেন। সিপিএম-২, সিপিআই-১, পিডবলু পি-২, প্রকাশ আম্বেদকরের গোষ্ঠী ১টি আসন চাইছেন বলে খবর।

বামপন্থী শিবির থেকে বলা হচ্ছে যে, হরিয়ানা, মহারাষ্ট্র, ঝাড়খন্ড, জম্মু ও কাশ্মীরে বিজেপি-আর এস এসের ধর্মীয় ফ্যাসিবাদী রাজনীতি, দেশে গণতন্ত্র ও সংবিধান রক্ষার প্রশ্নে তারা কংগ্রেস সহ অন্য বিজেপি বিরোধী ধর্ম নিরপেক্ষ শক্তির পাশেই থাকবেন। ঝাড়খন্ডেও বাম শিবির জে এম এম-কংগ্রেসের সঙ্গে আলোচনা শুরু করেছে বলেই প্রকাশ।

## ভারতীয় নাগরিকদের বাংলাদেশ ভ্রমণ না করার পরামর্শ




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সরকারের পদত্যাগের এক দফা দাবির অসহযোগ আন্দোলনের মধ্যে বাংলাদেশ ভ্রমণ না করার জন্য ভারতীয় নাগরিকদের পরামর্শ দিয়েছে দেশটির সরকার। রবিবার ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক বার্তায় বলা হয়, সাম্প্রতিক ঘটনাপ্রবাহের প্রেক্ষাপটে ভারতীয় নাগরিকদের বাংলাদেশে ভ্রমণ না করার জোরালো পরামর্শ দেয়া হচ্ছে। সব ভারতীয় নাগরিককে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন, চলাফেরা নিয়ন্ত্রণ এবং ঢাকায় ভারতীয় হাই কমিশনের জরুরি নম্বরগুলোতে যোগাযোগ থাকতে বলা হচ্ছে।

যে কোনো জরুরি প্রয়োজনে ভারতীয় নাগরিকদের জন্য ২৪ ঘণ্টার হট-লাইন চালু করা হয়েছে। এগুলো হচ্ছে, ঢাকায় অবস্থিত ভারতীয় দূতাবাস হট লাইন +৮৮০১৯৩৭৪০০৫৯১ (হোয়াটসঅ্যাপ), চট্টগ্রামের

এরপর ৪ পাতায়




## দিল্লিতে অবতরণ করেছেন শেখ হাসিনা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভারতের দিল্লির কাছে আইএএফের হিন্দন বিমানঘাঁটিতে অবতরণ করেছেন বাংলাদেশের সদ্য সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সোমবার (৫ আগস্ট) বিকেল সাড়ে ৫টার দিকে সেখানে অবতরণ করেন তিনি। খবর টাইমস অব ইন্ডিয়ার।

ইন্ডিয়া টুডের লাইভে বলা হয়েছে, স্থানীয় সময় ৫টা ৩৬ মিনিটে গাজিয়াবাদে (উত্তরপ্রদেশ) সেনাবাহিনীর হিন্দন বিমানঘাঁটিতে অবতরণ করে বিমানটি। এ সময়ে তাকে স্বাগত জানান ভারতের সেনাবাহিনীর কর্মকর্তারা। সেখান থেকে লন্ডনের উদ্দেশ্যে রওনা হবেন তিনি।

বার্তাসংস্থা বিসিবি জানিয়েছে, কয়েকদিন দিল্লিতে থাকবেন শেখ হাসিনা। এরপর লন্ডনে যাবেন কি না, তা নিশ্চিত না। এদিকে ভারতের গণমাধ্যম দ্য হিন্দু জানিয়েছে, যুক্তরাজ্যের

এরপর ৪ পাতায়

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৪ বর্ষ ২১৪ সংখ্যা ০৬ আগস্ট, ২০২৪ মঙ্গলবার ২১ শ্রাবণ, ১৪৩১

## হানিয়া হত্যার প্রতিশোধ: জর্ডানের কথা শুনছে না ইরান!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ইরান বসে নেই বলেই মনে করছে পশ্চিমা বিশ্ব। হামাস নেতা ইসমাইল হানিয়ার হত্যার প্রতিশোধ নিতে ইসরায়েলে ইরান বড় ধরনের হামলা চালাতে পারে বলেই মনে করছে যুক্তরাষ্ট্রসহ পশ্চিমারা। আর সেই পাল্টা হামলা ঠেকানোর শেষ চেষ্টা চালাচ্ছেন জর্ডান। দেশটির পররাষ্ট্রমন্ত্রী আয়মান সাফাদি তেহরান সফরে গেছেন। মধ্যপ্রাচ্যে উত্তেজনা ছড়িয়ে পড়েছে। সেখানে ব্যাপক সংঘাতের আশঙ্কা করা হচ্ছে। তাই মধ্যপ্রাচ্যে যুদ্ধ ছড়িয়ে পড়া ঠেকাতেই তোড়জোর করছেন সাফাদি। দুই দশকের মধ্যে ইরানে এটাই কোনো জর্ডানের পররাষ্ট্রমন্ত্রীর প্রথম সফর।

পশ্চিমা মিত্রদেশ হিসেবে পরিচিত জর্ডান। গাজা সংঘাতের বিষয়ে জর্ডান এতোদিন দুই কূল রক্ষা করে চলেছে। গত এপ্রিলে ইসরায়েলে ইরান যখন হামলা চালায় তখন ইরানের ক্ষেপণাস্ত্র ধ্বংস করতে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলকে সাহায্য করে দেশটি।

হানিয়া হত্যার ঘটনায় জর্ডানের পক্ষ থেকে ইসরায়েলি প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর বিরুদ্ধে ব্যাপক ক্ষোভ জানানো হয়েছে। জর্ডান বলেছে, এটা উসকানিমূলক অপরাধ ও আন্তর্জাতিক আইনের লঙ্ঘন।

আয়মান সাফাদি যে উদ্দেশে ইরান গেছেন, তা সফল হয়নি। ইরান কর্তৃপক্ষ বলেছে, সমঝোতার কোনো পথ খোলা নেই। তেহরানের অতিথি হানিয়াকে হত্যার জবাব দেওয়া হবে।

এর আগে গত এপ্রিলে জর্ডানের আকাশসীমায় আসা বেশ কিছু ক্ষেপণাস্ত্র ধ্বংস করে তারা। জর্ডান জানায়, তাদের দেশকে অন্য দেশের যুদ্ধক্ষেত্রে হতে দেবে না। তবে তারা একই সঙ্গে ফ্রান্সের নৌবাহিনীকে রাডার স্থাপনের অনুমতি দেয়।

## সম্পাদকীয়

### দিঘায় ঘুরে বেড়াচ্ছে ডবল ডেকার বাস, কারা কারা উঠতে পারবেন জানেন?

চলতি বছরেই দিঘায় পর্যটকদের জন্য চালু হয়েছে প্রমোদতরী। এতে চড়ে সমুদ্রবক্ষ ঘুরে বেড়াতে পারবেন পর্যটকরা। উপভোগ করতে পারবেন প্রাকৃতিক সৌন্দর্যও। তবে প্রমোদতরীতে যাওয়ার জন্য চালু হল ডবল ডেকার বাসও। ইতিমধ্যেই বাসটি পুরো দিঘা শহরে পরীক্ষামূলক ভাবে চালানো হয়েছে। আকর্ষণ বাড়ানোর জন্য।

কারা উঠতে পারবেন এই বাসে?

দিঘা-শঙ্করপুর উন্নয়ন পর্ষদ সূত্রে খবর,এই বাস নিত্যযাত্রীদের জন্য নয়। প্রমোদতরীতে যে সমস্ত পর্যটক উঠবেন,তাঁদের যাতায়াতের জন্য বাসটি চালু হচ্ছে। ৫২টি আসন বিশিষ্ট বিলাসবহুল বাসে থাকবে আলোর সমাহার, মিউজিক সিস্টেম। বাসটি নিউ দিঘা ও ওল্ড দিঘা থেকে যাত্রীদের নিয়ে ন্যায়কালী মন্দিরে পৌঁছবে।

ঠিকাদার সংস্থার পক্ষে জানানো হয়েছে, “প্রমোদতরী চালানোর জন্যে পরিকাঠামো তৈরির কাজ জোরকদমে চলছে। দিঘা থেকে যাত্রীদের নিয়ে যাওয়ার জন্যে ডবল ডেকার বাস এসে গিয়েছে। আমরা চেষ্টা করছি পুজোর সময় পর্যটকদের সমুদ্র ভ্রমণে নিয়ে যাওয়ার জন্যে।” একই সঙ্গে তিনি বলেন, দিঘার পূর্ব মুকুন্দপুরের ন্যায়কালী মন্দিরের সামনে চম্পা খালে নোঙর করে রাখা এই জলযানটি চালু করার জন্য পরিকাঠামোর অভাব ছিল। জেটি পর্যন্ত যাওয়ার মাটির রাস্তা নষ্ট হয়ে যায়। পাশাপাশি ছিল না গ্যাংওয়ে ও পল্টুন জেটি। এজন্য ক্রুজটি চালানোর উদ্যোগ শুরুতেই ধাক্কা খায়। সম্প্রতি প্রমোদতরী পর্যন্ত যাতায়াতের জন্যে পল্টুন জেটি ও গ্যাংওয়ে তৈরি হয়েছে। তৈরি হয়েছে মোরামের রাস্তা থেকে জেটি পর্যন্ত লম্বা কাঠের ব্রিজ। শুধু তাই নয়, দিঘা কিংবা অন্যান্য পর্যটন কেন্দ্র থেকে পর্যটকরা যাতে প্রমোদতরীর কাছে আসতে পারেন, তার জন্য বাসও এসে পৌঁছেছে পর্যটন শহরে। দিঘা-শঙ্করপুর উন্নয়ন পর্ষদের তত্ত্বাবধানে একটি ঠিকাদার সংস্থা পুরো পরিকল্পনা রূপায়ণ করেছে। তবে বাসটির মাথাপিছু কত ভাড়া হবে তা এখনও চূড়ান্ত হয়নি। স্পট ও অনলাইন দুধরনের বুকিংয়ের ব্যবস্থা থাকবে। প্রয়োজনে ছোটখাটো অনুষ্ঠান, পার্টির জন্যও ভাড়া করা যাবে বলেও জানা যায়।

## সুন্দরবনবাসির রক্ষাকর্তা বনের মা বনবিবি দেবী



-: মৃত্যুঞ্জয় সরদার :-

সুন্দরবনে বাঘ দক্ষিণারায় নামে দেবতা বলে প্রচলিত ও পূজিত। সুন্দরবনে বনবিবির মূর্তি তিনটি ধারায় বিবর্তিত হয়েছে। নদীর ধারে মাটির ঢিবি করে পূজা যেমন দেওয়া হয়ে থাকে, তেমনি ঘট পেতে পূজা করা হয়। মানত থাকলে অনেকে বনবিবির মূর্তিকে পূজা করে। আউলে, বাউলে, মোউলে, জেলে সবাই জঙ্গলে ঢোকার আগে বিশেষ ভক্তি সহকারে বনবিবির পূজা দেয়। কিন্তু বনবিবির পূজার কোনো নিয়ম নেই। ব্রাহ্মণ ছাড়াই ভক্তরা নিজেদের সামর্থ্য অনুযায়ী পূজা করে। **ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# মুনি ঋষিদের বংশধর বাংলার সাধক বামাক্ষ্যাপা



মৃত্যুঞ্জয় সরদার

(তৃতীয় পর্ব)



হারিয়ে যায় । মহাভারত (আদিপর্ব ১৭৪.৩৮) অনুসারে ভীম এবং সহদেব পুলিন্দ (গ্রীকদের) জয় করেছিল কেননা তার ধর্ম পরিত্যাগ করেছিল এর বাইরেও বিভিন্ন দেশে বর্তমান ক্ষেত্রেও সংস্কৃতির ব্যবহারটাও অপরিসীম ।বর্তমান 'নরওয়ে' দেশটির নাম সংস্কৃত শব্দ 'নরক' থেকে এসেছে । 'সোভিয়াত' এসেছে 'শ্বেত' থেকে । 'রাশিয়া' 'ঋষি' থেকে এসেছে, এভাবে সাইবেরিয়া শব্দটিও সংস্কৃত থেকে আগত। 'স্যান্দিনাভিয়া' 'স্কন্দ' থেকে এসেছে । যিনি দেবতাদের প্রধান কমান্ডার হিসেবে ছিলেন ।(Viking এবং king) শব্দ দুটি এসেছে সিংহ থেকে পশ্চিমা দেশগুলোতে যে বৈদিক সংস্কৃতির বিদ্যমান ছিল তার প্রমাণ ইউরোপ জুড়ে আবিষ্কৃত কৃষ্ণ, শিব, সূর্যদেব সহ আরও বিভিন্ন মূর্তি । একসময় দেবতা এবং অসুরদের সঙ্গে প্রায় বার বার যুদ্ধ হয়েছিল । পরে ককেশাসের পূর্বদিক দেবতাদের এবং পশ্চিম দিক অসুরদের দেয় । কিছু অসুর সেখানে অবস্থান করেছিল । ময়দানব তখন অসুরদের রাজ ছিলেন ।তার স্থায়ী বসতি ছিল আলাতল লোক (ভূমন্ডলের ১০,৮৮,০০০ কি.মি. দক্ষিনে) যেখানে ফ্লায়িং সসার নির্মিত হয় । ময়দানবের অনুসায়ী মগরা তাদের সেই বসতির স্থানকে 'অমরক' (Amaraka) নামে ডাকত । কেননা অসুরেরা প্রয়ই মনে করে মৃত্যু তাদের কিছুই করতে পারবে না ।তাই তারা তাদের মাতৃভূমিকে স্বর্গ মনে করত । আর এজন্যই এই নাম পরবর্তীতে আমেরিগো ভেসপুচিচ (Amerigo vespucci) এটিকে বর্তমানে আমেরিকা নামে পুনস্থাপন করে ।তেমনি ভারতবর্ষের মানচিত্র একটি রাজ্য পশ্চিমবঙ্গ ইতিহাসে

বীরভূম জেলার রামপুরহাট শহরের কাছে অবস্থিত একটি ক্ষুদ্র মন্দির নগরী তারাপীঠ” আলোচনায় আমরা ।এই শহরের তান্ত্রিক দেবী মা তারা আর মন্দির সংলগ্ন শ্মশানক্ষেত্রের জন্য বিখ্যাত পবিত্র তীর্থক্ষেত্র । এই মন্দির শাক্তধর্মের পবিত্র একান্ন সতীপীঠের অন্যতম । ঐতিহ্য ও আরাধনার সাথে যুক্ত সেই মন্দির । কিন্তু প্রশ্ন হল এই পীঠের অবস্থান কোথায় ? তারাপীঠ বীরভূম জেলার মারগ্রাম থানার অধীনস্থ সাহাপুর গ্রাম পঞ্চায়েতের একটি ছোট গ্রাম । প্লাবন সমভূমিরে সবুজ ধানক্ষেত্রের মধ্যে এই তীর্থস্থানটি অবস্থিত ।পূর্বে তারাপীঠ বাংলার সাধারণ মাটির বাড়ি আর মেছোপুকুরে ভরা গ্রামের মধ্যে অন্যতম ছিল। কিন্তু এর প্রসিদ্ধি মাতৃভক্ত ব্যামাক্ষেপা অর্থাৎ বামদেবের এক নামে

**ক্রমশঃ**

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# ইউক্রেন প্রথম এফ-১৬ জঙ্গিবিমান পেয়েছে: জেলেনস্কি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি বলেছেন, তার দেশ প্রথম আমেরিকার তৈরি এফ-১৬ জঙ্গিবিমান হাতে পেয়েছে। একটি বিমানঘাঁটিতে গোপন স্থানে একটি অনুষ্ঠানে তিনি বলেন, “ইউক্রেনে এফ-১৬। আমরা এটি করতে পেরেছি।”

রাশিয়ার বিরুদ্ধে যুদ্ধ করতে যুক্তরাষ্ট্রের তৈরি এফু১৬ জঙ্গিবিমানের জন্য বহু দিন ধরে অপেক্ষায় ছিল ইউক্রেন। অবশেষে তাদের সেই অপেক্ষার অবসান হয়েছে।

১৮ মাস অপেক্ষার পর এই জঙ্গিবিমানগুলো দিয়ে সহায়তা করার জন্য ডেনমার্ক, নেদারল্যান্ডস এবং বিশেষত যুক্তরাষ্ট্রকে ধন্যবাদ জানিয়েছেন জেলেনস্কি। যদিও তিনি বলেছেন এই ধরনের জঙ্গিবিমান আরও বেশি প্রয়োজন ইউক্রেনের।

ইউক্রেন মূলত সোভিয়েত যুগের জঙ্গি বিমানের ওপর নির্ভর করে। এখন এই এফ-১৬ জঙ্গিবিমানগুলো ইউক্রেইনের আকাশ প্রতিরক্ষা আরও শক্তিশালী হতে সহায়ক হবে।

জেলেনস্কি এমন জঙ্গিবিমান কতগুলো পেয়েছেন তা বলেননি, কিংবা এই বিমানগুলো তার উল্লিখিত তিন নেটো দেশই পাঠিয়েছে কিনা সেটিও তিনি খোলাসা করে বলেননি। নেটো দেশগুলো এর আগে কিছু ৬৫ এফ-১৬ জঙ্গিবিমান ইউক্রেইনে পাঠানোর প্রতিশ্রুতি দিয়েছিল।

যুক্তরাষ্ট্র ২০২৩ সালের অগাস্টে ইউরোপীয় মিত্রদেশগুলোকে এই জঙ্গিবিমানগুলো ইউক্রেইনে পাঠানোর এখতিয়ার দেওয়ার পর তারা ওই প্রতিশ্রুতি দিয়েছিল। যুক্তরাজ্যের বাহিনীতে এফ-১৬ নেই। যদিও তারা ইউক্রেইনকে দূর-পাল্লার স্টর্ম শ্যাডো ক্ষেপণাস্ত্র পাঠাচ্ছে; যে ক্ষেপণাস্ত্র এফ-১৬ তে বহন করা যায়।

৩ পাতার পর

## ভারতীয় নাগরিকদের বাংলাদেশ ভ্রমণ না করার পরামর্শ

সহকারী হাইকমিশন +৮৮০১৮১৪৬৫৪৭৯৯ (হোয়াটসঅ্যাপ), রাজশাহীর সহকারী হাইকমিশন +৮৮০১৭৮৮১৪৮৬৯৬ (হোয়াটসঅ্যাপ), সিলিটের সহকারী হাইকমিশন +৮৮০১৩১৩০৭৬৪১১ (হোয়াটসঅ্যাপ) এবং খুলনার সহকারী হাইকমিশন +৮৮০১৮১২৮১৭৭৯৯ (হোয়াটসঅ্যাপ)। উল্লেখ্য, সরকারি চাকরির কোটা সংস্কারের দাবিতে শুরু হওয়া শিক্ষার্থীদের আন্দোলন এখন সরকারবিরোধী আন্দোলনের রূপ পেয়েছে। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ডাকে এক দফা দাবিতে সর্বাত্মক অসহযোগের প্রথম দিন দেশজুড়ে ব্যাপক সহিংসতায় মৃত্য হয়েছে প্রায় একশ মানুষে। এ পরিস্থিতিতে অনির্দিষ্টকালের কারফিউ জরি করা হয়েছে। সরকারের নির্বাহী আদেশে সব অফিস আদালত বন্ধ করে দেয়া হয়েছে তিন দিনের জন্য।

৩ পাতার পর

## দিল্লিতে অবতরণ করেছেন শেখ হাসিনা

কাছে রাজনৈতিক আশ্রয় চেয়েছেন শেখ হাসিনা। অন্যদিকে শেখ হাসিনার বোন শেখ রেহানা ইংল্যান্ডের নাগরিক। তাই রাজনৈতিক আশ্রয়ের দরকার নেই তার। এর আগে, শেখ রেহানাকে নিয়ে দেশ ছাড়েন শেখ হাসিনা। স্থানীয় সময় দুপুর আড়াইটায় বঙ্গভবন থেকে একটি সামরিক হেলিকপ্টারে উড্ডয়ন করেন শেখ হাসিনা। বার্তা সংস্থা এএফপি জানায়, গণভবন থেকে শেখ রেহানাকে নিয়ে নিরাপদ স্থানে চলে গেছেন শেখ হাসিনা। জানা গেছে, সকাল ১০টার দিকে হেলিকপ্টারযোগে ঢাকা ক্যান্টনমেন্টের দিকে যান তারা। সেখান থেকে হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে যান।

# সিনেমার খবর

## খল চরিত্র করে ডুবে যাওয়া ক্যারিয়ারকে চাঙ্গা করছেন ববি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** খল চরিত্র করে ডুবে যাওয়া ক্যারিয়ারকে ভাসিয়ে তুলেছেন হিন্দি সিনেমার অভিনেতা ববি দেওল, সেই নেতিবাচক চরিত্র তিনি ছাড়ছেন না। এনডিটিভি লিখেছে, 'দেবারা: পার্ট ওয়ান' নামের তেলেগু সিনেমায় আগামীতেও খল চরিত্রে দেখা যাবে ধর্মেন্দ্রপুত্রকে।

এই সিনেমায় মূল চরিত্রে কাজ করবেন দক্ষিণের নায়ক জুনিয়র এনটিআর। মুম্বাই থেকে আরো আছেন সাইফ আলী খান এবং জাহ্নবী কাপুর। তবে এই সিনেমায় ববি একাই খল হয়েছেন তা নয়, তার প্রতিদ্বন্দ্বী সাইফ আলী খান। সিনেমার শেষের দিকে ববিকে হাজির করার কথা ভাবছেন পরিচালক করাতালা শিবা।

এরইমধ্যে 'দেবারা: পার্ট টু' নিয়ে ভেবে ফেলেছেন তিনি। সিনেমার সিক্যুয়েলে অবশ্য শুরু থেকেই ববিকে দেখা যাবে। চলতি বছর কোরবানির ঈদের সময় 'দেবারা: পার্ট ওয়ান' মুক্তির কথা ছিল। কিন্তু ভিজ্যুয়াল ইফেক্টসের কাজ শেষ না হওয়ায় মুক্তি পিছিয়ে দেওয়া হয়। আগামী ১০ অক্টোবরে ববি-সাইফের এই সিনেমা মুক্তির কথা রয়েছে।

নায়ক হিসেবে বলিউডে জায়গা করতে ব্যর্থই বলা যায় ববিকে। নব্বইয়ের মাঝামাঝিতে ক্যারিয়ার শুরু করলেও তেমন সাড়া ফেলতে পারেননি।

দীর্ঘ সময় বড় পর্দার সঙ্গে সম্পর্ক প্রায় ছিন্নই ছিল এই অভিনেতার। অবশেষে সন্দীপ রেড্ডি ভাঙ্গার 'অ্যানিমাল' সিনেমা ববির প্রায় হারিয়ে যাওয়া ক্যারিয়ারকে ফিরিয়ে আনে। 'অ্যানিমাল' সিনেমায় ২৭ মিনিটের খল চরিত্রের অভিনয় ববিকে করেছে দারুণ জনপ্রিয়।

গেল বছরের ডিসেম্বরে 'অ্যানিমাল' মুক্তির আগে থেকেই নতুন নতুন কাজ এসে ধরা দেয় ববির হাতে। তবে 'অ্যানিমাল' সিনেমায় মাত্র ২২ মিনিটের অভিনয় সাফল্যে এখন বেশিরভাগ নির্মাতা ববিকে খল চরিত্রে চাইছেন।

আগামীতে ববিকে 'কাঙ্গুয়া' সিনেমায় পাওয়া যাবে। এ সিনেমার পোস্টারে ববির যে রূপ প্রকাশ হয়েছে, তাতে সবাই ধরেই নিয়েছেন, 'অ্যানিমাল' এর চেয়ে আরও ভয়ংকর রূপে আসতে চলেছেন তিনি। এছাড়া যশরাজ ফিল্মের স্পাই ইউনিভার্সের সিনেমা 'আলফা'তে আলিয়া ভাটকে ঘায়েল করতেও পর্দায় হাজির থাকবেন ববি।

## অভিষেক-আরাধ্যকে রেখেই নিউইয়র্কে উড়াল দিলেন ঐশ্বরিয়া



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বলিউড তারকা দম্পতি ঐশ্বরিয়া রাই-অভিষেক বচ্চনের পরিবার নিয়ে চর্চা যেন থামছেই না। গত কয়েক মাস ধরে তাদের দাম্পত্য সম্পর্ক নিয়ে তৈরি হয়েছে নানা প্রশ্ন। অনন্ত আম্বানি ও রাধিকা মার্চেন্টের বিয়েতে এই তারকা দম্পতিকে একসঙ্গে দেখতে না পাওয়ায় ঘনীভূত হয়ে ওঠে অভিষেক-ঐশ্বরিয়ার দূরত্বের জল্পনা। এসবের মধ্যেই অভিষেক ও আরাধ্য বচ্চনকে ছেড়ে নিউইয়র্কে পাড়ি জমালেন রাই সুন্দরী।

জি নিউজের প্রতিবেদন অনুযায়ী, ঐশ্বরিয়া বর্তমানে আছেন নিউইয়র্কে। অভিষেক ও আরাধ্য বচ্চনকে ছেড়ে একাই সেখানে দেখা গেছে তাকে। ইনস্টাগ্রামে ঐশ্বরিয়ার এক ভক্ত অভিনেত্রীর সঙ্গে একটি সেলফি শেয়ার করেছেন। সেখান থেকেই জানা গেছে যে অভিনেত্রী বর্তমানে নিউইয়র্কে আছেন। ঐশ্বরিয়ার সেই ভক্ত যে রেস্তোরাঁতে কাজ করেন, সেখানেই এসেছিলেন অভিনেত্রী। এত বিতর্ক, চর্চার মাঝেও নিজের ভক্তের অনুরোধে হাসিমুখে সেলফি তুলেছেন অভিনেত্রী।

## অবশেষে শুটিংয়ে ফিরলেন টালিউডের অভিনয়শিল্পীরা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ২৯ জুলাই থেকে স্তব্ধ হয়ে পড়েছিল টালিপাড়া। টানা দুই দিন শুটিং বন্ধ থাকার পর ফের লাইট-ক্যামেরা-অ্যাকশনে ফিরেছেন কলকাতার নির্মাতা-অভিনেতা-টেকনিশিয়ানরা। ৩১ জুলাই সকাল থেকে চেনা ছন্দে ফিরেছেন তারা।

ভারতীয় একাধিক গণমাধ্যমে প্রকাশিত প্রতিবেদন থেকে জানা যায়, আজকে সকাল থেকে পুরোনো ছন্দে ফিরেছে টালিউড। টেকনিশিয়ান, অভিনেতা, অভিনেত্রীদের নিয়ে ফের ব্যস্ত হয়ে পড়েছে টালিউডের শুটিং ফ্লোরগুলো। সকাল থেকে স্টুডিওপাড়ার নানা ফ্লোরজুড়ে শুরু হয় সিরিয়াল, ওটিটির শুটিং।

এ দিন সকাল সকাল ভারতলক্ষ্মী স্টুডিওতে পৌঁছে যান কাঞ্চন মল্লিক। সেখানে কালার্স বাংলার একটি ধারাবাহিকের শুটিং করেন তিনি।



অন্যদিকে, 'ফুলকি' ধারাবাহিকের শুটিং অনুষ্ঠিত হয়। টেকনিশিয়ানস স্টুডিওতে শুটিং চলছে 'ডায়মন্ড দিদি জিন্দাবাদ' ধারাবাহিকের। তা ছাড়া জি-বাংলার সারেগামাপা রিয়েলিটি শোয়েরও শুটিং হওয়ার কথা রয়েছে বলেও এ প্রতিবেদনগুলোতে জানানো হয়েছে।


টানা দেনদরবারের পরও ফেডারেশন বনাম পরিচালকদের দ্বন্দ্বের অবাস হচ্ছিল না। সবশেষ মঙ্গলবার (৩০ জুলাই) পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির হস্তক্ষেপে তাদের দ্বন্দ্বের ইতি ঘটে। পরিচালক রাহুল মুখার্জির উপর নিষেধাজ্ঞা নিয়ে এই জটিলতা তৈরি হয়েছিল। তারই ইতি টানেন মুখ্যমন্ত্রী নিজে। মমতার নির্দেশ কাউকে ব্যান করা যাবে না।

চিত্রনায়ক ও তৃণমূলের সংসদ সদস্য দেব বলেন, এরপর থেকে ইন্ডাস্ট্রিতে কাউকে নিষিদ্ধ ঘোষণা করা যাবে না, এমনটাই জানিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। তবে কেউ কোনো ভুল করলে তাকে ক্ষতিপূরণ দিতে হবে।

পরিচালকদের পক্ষ থেকে গৌতম ঘোষ বলেন, শুটিং নিয়ে ফেডারেশনের চালু থাকা নিয়মের পরিবর্তন আনা হচ্ছে। একটি কমিটি গঠন করে ফেডারেশনের নিয়ম সংক্রান্ত বিষয়গুলো পর্যালোচনা করা হবে। সেই কমিটির রিপোর্টের উপর ভিত্তি করে নতুন নিয়ম নভেম্বর থেকে চালু করার কথা বলেছেন মুখ্যমন্ত্রী।

মঙ্গলবার (৩০ জুলাই) বিকালে নবান্নে বিশেষ এক বৈঠকের আয়োজন করা হয়। সেখানে মুখ্যমন্ত্রীর সঙ্গে বসেছিলেন প্রসেনজিৎ চ্যাটার্জি, দেব ও গৌতম ঘোষ। এসময় অরূপ বিশ্বাসও উপস্থিত ছিলেন। সেই বৈঠকের পরই এমন নির্দেশ দেন মুখ্যমন্ত্রী।

## লন্ডনের ব্যবসায়ীর সঙ্গে কৃতি স্যাননের অন্তরঙ্গ ছবি ফাঁস!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** এবার গুঞ্জন উঠেছে লন্ডনের এক ব্যবসায়ীর সঙ্গে প্রেমে মত্ত রয়েছেন বলিউড অভিনেত্রী কৃতি স্যানন। কয়েকদিন ধরেই খবরে রয়েছে লন্ডনের ওই ব্যবসায়ীর সঙ্গে গোপনে প্রেম করছেন কৃতি। গুঞ্জন বলছে, লন্ডনের ব্যবসায়ী কবির বাহিয়ার প্রেমেই একেবারে হাবুডুবু খাচ্ছেন কৃতি। এই কবিরের সঙ্গে দেখা করতেই নাকি মাঝে মধ্যেই লন্ডনে উড়াল দেন তিনি।

জানা গেছে, বোন নূপুর স্যাননের হাত ধরেই কবীরের সঙ্গে পরিচয় অভিনেত্রীর। তারপর বন্ধুত্ব থেকে প্রেম। কয়েকদিন আগে ভাইরাল হয়েছিল কৃতি ও কবিরের হাত ধরে ঘুরে বেড়ানোর ছবিও।

সূত্র বলছে, এই কবির বাহিয়া ক্রিকেটার মহেন্দ্র সিং ধোনি ও হার্দিক পাণ্ডের খুব কাছের বন্ধু। তাই ছোটবেলা থেকে ক্রিকেট খেলাতেও পারদর্শী কবির। এবার হোলি কবিরের সঙ্গেই কাটিয়েছেন কৃতি। তবে কৃতি মনে করেন তিনি সিঙ্গেলই। সম্পর্কে যাওয়ার চেয়ে ক্যারিয়ারই সবচেয়ে গুরুত্বপূর্ণ তার কাছে। তাই প্রেমের কোনো সুযোগই নেই।

এর আগে বলিউডে পা দেয়া পর পরই জ্যাকি শ্রফের ছেলে টাইগার শ্রফের সঙ্গে নাম জুড়েছিল কৃতি স্যাননের। একসময় সুশান্ত সিং রাজপুতের সঙ্গেও প্রেমের বন্ধনে যুক্ত ছিলেন কৃতি। কিন্তু চূড়ান্তভাবে কে কৃতির প্রেমিক, তা নিয়ে ধোঁয়াশা।। আবার গুঞ্জন ছিল, দক্ষিণী তারকা প্রভাসের সঙ্গেও নাকি তার মনের মিলন ঘটেছে। কিন্তু সেই গুঞ্জনেও পানি ঢাললেন কৃতি।

## মাহি ভে" র শুভ মহরৎ সম্পন্ন হলো আজ



**নিজস্ব সংবাদদাতা, নিউজ সারাদিন :** টলিপাড়ার মন্দার দিনে ছায়াপথ ফিল্মস এন্ড এন্টারটেনমেন্ট দেখালো নতুন আশার আলো।

তাদের নতুন মিউজিক ভিডিও সিরিজ "মাহি ভে" র শুভ মহরৎ সম্পন্ন হলো আজ, অনুষ্ঠানের শুভ সূচনা করেন মৃত্যুঞ্জয় সরদার এবং উপস্থিত ছিলেন বিখ্যাত সঙ্গীত পরিচালক শুভ্র শঙ্খ সরকার, এই উপস্থাপনায় ছায়াপথ ফিল্মস এন্ড এন্টারটেনমেন্ট - এর কর্ণধার তথা পরিচালক দেব লঞ্চ করতে চলেছেন সুদীপ এবং মেঘার নতুন জুটি একই সাথে দেখা যাচ্ছে অসংখ্য নতুন মুখ, চিত্রগ্রহণেও দেখা মিলছে নতুন জুটির "অশোক ও সৃজিতের"।

কর্তৃপক্ষের মধ্যে অদিতি আচার্য্য আগামী প্রজেক্ট নিয়ে যথেষ্ট আশাবাদী এমনই খবর মিলছে টলি পাড়ায়।



# স্বর্ণ মিশন শুরু বাইলসের



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** 'টুইস্টিজ' শব্দটি টুইস্টের কাছাকাছি। ভিন্ন কিছুর পাশাপাশি টুইস্টের আছে বহুবিধ ব্যবহার। আর টুইস্টিজ একটি মানসিক রোগ। যুক্তরাষ্ট্রের জিমন্যাস্টিক সিমোন বাইলসের ক্যারিয়ারে 'যতিচিহ্ন' ফেলে দেয় এই টুইস্টিজ। টোকিও অলিম্পিকের মাঝপথেই নাম প্রত্যাহার করে নেন চলতি শতকের কিংবদন্তি জিমন্যাস্টিকের পথচলা। শুরু হয় নতুন যুদ্ধ। নিজের সঙ্গে, রোগের সঙ্গে এমনকি পরিবেশের সঙ্গেও। তবে দৃঢ়প্রত্যয়ী বাইলস বুঝিয়ে দেন, যোদ্ধাদের ধসিয়ে দেওয়া যায়, গুঁড়িয়ে দেওয়া যায়, কিন্তু নিঃশেষ করা যায় না। তারা ফিনিক্সের মতোই, ছাই থেকে জেগে ওঠে নয়া উদ্যমে। বাইলসও তার দুঃস্বপ্নকে মাটিচাপা দিয়ে প্যারিস অলিম্পিকে জেতেন সোনা। তিন বছর আগে টোকিওতে যে খেলার মাঝে বেরিয়ে গিয়েছিলেন, সেই খেলা থেকে প্যারিস অভিযান শুরু করলেন। জিতলেন অষ্টম পদক। যার পাঁচটিই সোনা।

গত মঙ্গলবার রাতে আর্টিস্টিক জিমন্যাস্টিকদের দলগত ইভেন্টের চারটি রোটেশনেই নেমেছিলেন বাইলস। তিনি শেষ করলেন তার বিখ্যাত ফ্লোর ইভেন্ট দিয়ে। গোটা ইভেন্টে একবারও মনে হয়নি চাপে আছেন। বরং দুঃসহ স্মৃতি ভুলিয়ে দেওয়ার মঞ্চে নিজেকে মেলে ধরেন নীল প্রজাপতির মতো। যতক্ষণই ফ্লোরে থেকেছেন, আক্ষরিক অর্থে উড়েছেন, সতীর্থদের নিয়েই। একটু বয়স বাড়লেও ফুরিয়ে যে যাননি, ২৭ বর্ষী জিমন্যাস্টিকের এবারের অলিম্পিক যেন তার কাছে সেটিই প্রমাণের মঞ্চ। এ যাত্রায় অবশ্য দশে দশ বাইলস। নিজের ডানায় যুক্ত করলেন আরেকটি সোনার পালক।

বাইলস কেমন খেলেন বের্সি অ্যারিনায় সে দিকেই নজর ছিল সবার। দর্শক আসনে তার বাবা রন বাইলস, মা নেলি বাইলস ও স্বামী জোনাথন ওয়েনস ছিলেন। বাইলসের অনিন্দ্যসুন্দর পারফরম্যান্স দেখতে কন্যাকে নিয়ে এসেছিলেন সেরিনা উইলিয়ামস। কানায় কানায় ভর্তি গ্যালারিকে হতাশ করেননি বাইলস। আমেরিকার হয়ে চারটি রোটেশনেই অংশ নেন তিনি। চোট পাওয়ায় পায়ে ব্যান্ডেজ বাঁধা থাকলেও তাতে সমস্যা হয়নি। সোনার হাসি হেসেছেন ম্যাচ শেষে। যেখান থেকে শেষ সেখান থেকেই শুরুর যে হাসি, সেটাই হেসেছেন সতীর্থদের নিয়ে। মুক্তির চেষ্টা হোক বা শাপমোচন, কিংবা যেকোনো কিছুই, শুরুটা দারুণ করলেন বাইলস।

বাইলস অলিম্পিকে আসেন দেশের আশা হয়ে। নিজেকে সেরা প্রমাণের তাগিদে। তার 'রিডেম্পশন ট্যুর' নিয়ে তাই ম্যাচ শেষে চর্চাটা একটু বেশিই হয়েছে। সোনা জেতার পর বাইলস জানিয়েছেন, তিনি গতকালও থেরাপি নিয়েই প্রতিযোগিতায় অংশ নিয়েছিলেন। বাইলসের ভাষায়, মঙ্গলবার সকালে থেরাপি নিয়েই দিনটা শুরু করেছিলাম। সে সময়টা ছিল উত্তেজনাপূর্ণ। আমার থেরাপিস্টকে বলেছিলাম, আমি ভালো বোধ করছি এবং (প্রতিযোগিতার জন্য প্রস্তুত।'

ভল্ট রোটেশনে ভালো করার পর আত্মবিশ্বাস আরও বেড়ে যায় বাইলসের, তেমনটাই জানিয়েছেন কিংবদন্তি এ জিমন্যাস্ট, 'ভল্ট রোটেশন শেষ করার পর আমি স্বস্তি পেয়েছিলাম। তখন আমার মনে হয়েছিল, উফ! এখন অন্তত টোকিওর ফ্ল্যাশব্যাক নেই। আমি সত্যিই অনেক স্বস্তি পেয়েছিলাম।'

বাইলস ফ্লোর এক্সারসাইজ রোটেশন শেষ করতেই নিশ্চিত হয়ে যায়, সোনা যুক্তরাষ্ট্রের ঘরেই যাচ্ছে। অলিম্পিকে এটি বাইলসের দ্বিতীয় দলগত স্বর্ণপদক। এর আগে রিও অলিম্পিকে এ কীর্তি প্রথমবার গড়েছিলেন তিনি। তবে প্যারিস অলিম্পিকে দ্বিতীয়বার এ অর্জন ভিন্ন অভিজ্ঞতা দিয়েছে বলে জানিয়েছেন বাইলস।

যুক্তরাষ্ট্রের এ জিমন্যাস্ট বলেছেন, 'আমার মনে হয়, ২০১৬ সালে সোনা আমাদেরই জেতার কথা ছিল। সবাই জানত, আমরা সোনা জিততে যাচ্ছি। এখন আমার বয়স বেড়েছে, সঙ্গে যোগ হয়েছে বিভিন্ন ধরনের অভিজ্ঞতা। আমরা সত্যিই এখানে (প্যারিসে) অনেক মজা করেছি এবং যা অর্জন করেছি সেটা উপভোগ করছি। আজকে রাতের অনুভূতিটা সত্যিই আলাদা।'

বাইলসকে পুরোনো চেহারায় ফিরতে দেখে উচ্ছ্বসিত তার ঘনিষ্ঠ বন্ধু ও সতীর্থ জর্ডান চাইলস। বলেছেন, 'নিশ্চিতভাবেই এখন বলতে পারেন যে, টোকিওর আসর থেকে ভিন্ন একজন এখন সে। আমি সব সময় বলতে ভালোবাসি যে, সর্বকালের সেরাদের সেরার সঙ্গে অনুশীলন করি আমি। যা কিছুই হোক না কেন, সে সব সময়ই আমার হৃদয়ে আলাদা জায়গা নিয়ে থাকবে।'

# হালান্ডকে নিয়ে ঝুঁকি নেবেন না গার্দিওলা



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** মূল দলের বেশিরভাগ খেলোয়াড় আছেন ছুটিতে। এই সময়ে আবার পেশির সমস্যায় ভুগছেন আর্লিং হালান্ড। এমন পরিস্থিতিতে তারকা ফরোয়ার্ডকে কোনোভাবেই লম্বা সময়ের জন্য হারাতে চায় না ম্যানচেস্টার সিটি। তাই হালান্ডকে নিয়ে কোনো ধরনের ঝুঁকি নিতে নারাজ পেপ গার্দিওলা।

ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপে শেষে এখন ছুটি কাটাচ্ছেন সিটির বেশিরভাগ খেলোয়াড়। তাই আপাতত পূর্ণ শক্তির দল পাচ্ছে না গত মৌসুমের প্রিমিয়ার লিগ চ্যাম্পিয়নরা। যার প্রভাব পড়ছে তাদের মাঠের পারফরম্যান্সেও। প্রাক-মৌসুম প্রস্তুতি পর্বে এখন পর্যন্ত খেলা তিনটি ম্যাচই হেরেছে তারা; সেল্টিক, এসি মিলান ও বার্সেলোনার বিপক্ষে।

তিন ম্যাচেই দ্বিতীয়ার্ধে হালান্ডকে তুলে নেন গুয়ার্দিওলা। সবশেষ বার্সেলোনার বিপক্ষে মূল ম্যাচে ২-২ ড্র করার পর টাইব্রেকারে ৪-১ ব্যবধানে হেরে যায় সিটি। এরপরই হলান্ডকে পুরো ম্যাচ না খেলানোর কারণ খোলাসা করেন গার্দিওলা। তিনি জানান, "তার কিছু সমস্যা আছে। সে ভালো অনুভব করছে না। অস্বস্তিকর কিছু এটা, সে স্বাচ্ছন্দ্যবোধ করছে না।"

গার্দিওলা আরও বলেন, "পেশীর ছোট চোট এমন কিছু যা নিয়ে ঝুঁকি নেওয়া যায় না। শেষ পর্যন্ত তাকেই একটি পদক্ষেপ নিতে হবে। তাকে তিন সপ্তাহের জন্য হারানো, এটি একটি সমস্যা হবে কারণ স্কোয়াডের ৬০-৭০ শতাংশ খেলোয়াড়ই ছুটিতে রয়েছে।"

কমিউনিটি শিল্ডে আগামী ১০ অগাস্ট এফএ কাপ চ্যাম্পিয়ন ম্যানচেস্টার ইউনাইটেডের মুখোমুখি হবে সিটি। ১৮ অগাস্ট চেলসির বিপক্ষে ম্যাচ দিয়ে প্রিমিয়ার লিগের শিরোপা ধরে রাখার অভিযান শুরু করবে গুয়ার্দিওলার দল।

## রোসারিওতে ফেরার
# স্বপ্ন বাদ দিচ্ছেন দি মারিয়া



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** প্রথমবার পাওয়া হত্যার হুমকির কথা প্রকাশ পেয়েছিল গণমাধ্যমে। পরে আবারও প্রাণনাশের হুমকি দেওয়া হয়েছিল আনহেল দি মারিয়াকে। কিন্তু ভয়ে এতদিন মুখ খোলেননি। অবশেষে গণমাধ্যমে তা প্রকাশ করে আর্জেন্টিনার বিশ্বকাপজয়ী এই কিংবদন্তি জানালেন, ক্যারিয়ারের শেষ বেলায় শৈশবের ক্লাব রোজারিওতে ফেরার পরিকল্পনা বাদ দিয়েছেন তিনি।

অনেক আগে থেকেই দি মারিয়া বলে আসছিলেন, শৈশবের যে ক্লাবে তার পেশাদার ফুটবলে পথচলা শুরু, সেই রোসারিও সেন্ত্রালে খেলেই বুটজোড়া তুলে রাখতে চান তিনি। কিন্তু বিরূপ পরিস্থিতিতে সেটা যে আর হচ্ছে না, তা রোসারিওর একটি টেলিভিশন চ্যানেলকে নিশ্চিত করেন মঙ্গলবার।

"আমার বোনের ব্যবসার কেন্দ্রে হুমকি দেওয়া হয়েছিল। একটা বক্সে শুকরের একটি মাথা পাঠানো হয়েছিল যার কপালে ছিল একটি গুলি এবং চিরকুটে লেখা বার্তায় লেখা ছিল, যদি আমি রোসারিও সেন্ত্রালে ফিরি তাহলে পরবর্তী মাথাটা হবে আমার কন্যা পিয়ার।"

"ওই মাসগুলো ছিল ভয়ঙ্কর আমরা এখন কেবল একটা কাজই করতে পারি যে, (রোসারিওতে ফেরার) স্বপ্নটা সত্যি করতে না পারার কষ্টে আমরা প্রতিদিন কেঁদে সারারাত পার করতে পারি।"

এই মাসেই শেষ হওয়া কোপা আমেরিকায় সফল অভিযান দিয়ে জাতীয় দলের হয়ে ক্যারিয়ারের ইতি টানেন ৩৬ বছর বয়সী দি মারিয়া। রিয়াল মাদ্রিদ, ম্যানচেস্টার ইউনাইটেড, পিএসজি, ইউভেন্তুস হয়ে ফের বেনফিকায় এক বছর খেলে ইউরোপীয় ফুটবলে পাঠ চুকানোর ঘোষণা আগেই দিয়েছিলেন তিনি। পরিকল্পনা ছিল রোসিরিওতে ফেরার।

# অলিম্পিকের দুই যমজ যুগলের গল্প



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** নাইজেরিয়াতে ইগবো-ওরা নামে একটি শহর আছে। আদর করে সবাই জায়গাটিকে ডাকে 'যমজের রাজধানী'। শহরের প্রবেশমুখেই একটি বড় পাথরের স্তম্ভ। ফটকে লেখা, 'যমজ সন্তানের দেশ'। মূলত ইগবো-ওরা নিয়ে এই লেখা নয়, এখানে থাকছে প্যারিস অলিম্পিকের একটি ম্যাচ শেষের গল্প। দ্য গ্রেটেস্ট শো অন আর্থে যা আগে কখনও দেখেনি বিশ্ব। প্যারিসের পোর্ত দে লা চ্যাপেল অ্যারিনায় টেনিসের ওই ম্যাচটি ভিন্ন, সেই কারণেই বেশি আকর্ষণীয় ছিল। কারণটি কী ছিল? জিজ্ঞাসাটি বহুবচনে হওয়া উচিত, 'তো কারণটি কারা ছিলেন?'

এই গল্পের প্লট ও চরিত্রজুড়ে যে দুই যমজ রয়েছেন, তারাই মূলত কারণ। প্যারিসের স্টেডিয়ামটির দর্শকরা নিশ্চিতভাবেই অবাক হয়েছেন। টেনিস কোর্টে উড়ে চলা দুই পাশের দুই যুগলের কার কী নাম, সেটি নিয়েও হয়তো দ্বন্দ্বে পড়ে গিয়েছিলেন। মেয়েদের ব্যাডমিন্টন ডাবলসে যুক্তরাষ্ট্রের হয়ে যমজ বোন অ্যানি এবং ক্যারি জুর বিপক্ষে কোর্টে নামেন বুলগেরিয়ার যমজ বোন স্টেফানি ও গ্যাব্রিয়েল স্টোএভা। প্যারিস অলিম্পিক তো বটে, কখনও কোনো খেলায় এমন দেখা যায়নি। দুই যমজের এই লড়াই নিশ্চিতভাবেই বাড়তি মাত্রা যোগ করেছে ম্যাচটিতে।

অনেকটা ক্যারির মতো দেখতে অ্যানি বিষয়টি নিয়ে মজাও করেছেন। দর্শকদের দ্বিধাদন্দ্বে পড়ে যাওয়ার ব্যাপারটি তিনি বেশ উপভোগ করেছেন, 'অলিম্পিকে যখন তারা দেখল দুই দেশের দুই যমজ লড়ছেন, তখন অবাক হয়ে গিয়েছিলেন। এই বিষয়টি দারুণ।' প্যারিসে গ্রুপ পর্বের ওই ম্যাচে অ্যানি এবং কেরি জিততে পারেননি। ২১-১৬, ২১-১২ সেটে দ্বিতীয় রাউন্ড নিশ্চিত করেছেন স্টেফানি ও স্টোএভা।

'বোনের সঙ্গে অলিম্পিকে এমন সময় কাটাতে পারার বিষয়টি' কাউকে বোঝাতে পারব না যে কতটা দুর্দান্ত। আমার মনে হয় তারাও (অ্যানি ও ক্যারি) এমন অনুভব করেছেন'

ম্যাচ শেষে স্টেফানিও যুগলের লড়াইটি বেশ উপভোগ করেছেন। এক সাক্ষাৎকারে তিনি বলেছেন, 'বোনের সঙ্গে অলিম্পিকে এমন সময় কাটাতে পারার বিষয়টি' কাউকে বোঝাতে পারব না যে কতটা দুর্দান্ত। আমার মনে হয় তারাও (অ্যানি ও ক্যারি) এমন অনুভব করেছেন।' স্টেফানির মতো অ্যানিও বিষয়টি স্বীকার করেছেন, 'আমি ক্যারির সঙ্গে অনেক সময় কাটিয়েছি। যখন আমি তাকে দেখি বলে দিতে পারি তার মনের ভাবনা। যদি বুঝি সে নার্ভাস, তখন তাকে সেটি কীভাবে কাটিয়ে ওঠানোর যায়– তা আমি জানি।'

প্যারিসে ম্যাচটি শেষে চারজনের একসঙ্গে সাক্ষাৎকার নেওয়া হয়। সেখানে সবার প্রথমে স্টেফানি বলেন, 'আমরা ছোট কোনো বিষয় নিয়েও ঝগড়া করতাম। কিন্তু পাঁচ সেকেন্ডের মাঝেই আবার সব ঠিক।' গ্যাব্রিয়েলাও সেই বিষয়টিকে টেনেছেন, 'বাবা-মা প্রায়ই বলত– তোমরা কেন মারামারি করছ?, এই প্রশ্ন থেকে কীভাবে এড়ানো যায় তা খুঁজে পেয়েছিলাম। কিন্তু স্টেফানির সঙ্গে ঝগড়া থামাইনি।'

যুক্তরাষ্ট্রের দুই যুগলেরও একই অবস্থা। অ্যানি বলেন, 'শুধু আমরাই বলতে পারি, যদি আমাদের ঝগড়া হয় তা বেশির থেকে বেশি এক মুহূর্তের।' বোন অ্যানির কথায় সায় দিয়েছেন ক্যারিও, 'সত্যি বলতে আমরা দুজন দুজনের সম্পর্কে জানি, সবকিছু সহজ হয়েছে। যদি কখনও সে নার্ভাস থাকে, হয়তো আমিই তাকে উৎসাহিত করতে পারতাম। তাকে ধরে ঝাঁকুনি দিতাম, একটু রিলাক্স করতে পারতাম। একই ব্যাপার আমার সঙ্গেও হতো। স্টেফানি শেষটা টেনেছেন পরিবারের গুরুত্ব জানিয়ে, 'আমরা সব সময় ঝগড়া করলেও সবকিছু নিজেদের মাঝে শেয়ার করতাম। কেউই জানত না, কারণ আমরা একটা পরিবার। আমি জানি সে কতটা ভালোবাসে আমাকে।'

# উইলিয়ামসনকে সরিয়ে শীর্ষে রুট




**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** আবারো আইসিসি টেস্ট র‍্যাংকিংয়ে ব্যাটিং তালিকায় শীর্ষে ফিরেছেন ইংল্যান্ডের সাবেক অধিনায়ক জো রুট। নিউজিল্যান্ডের কেন উইলিয়ামসনকে সরিয়ে এক ধাপ এগিয়ে ৮৭২ রেটিং নিয়ে শীর্ষ স্থান পুনঃদখল করেন রুট। ক্রিকেটের নিয়ন্ত্রক সংস্থা ইন্টারন্যাশনাল ক্রিকেট কাউন্সিল (আইসিসি) এ কথা জানিয়েছে।

ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে সদ্যই শেষ হওয়া তিন ম্যাচের টেস্ট সিরিজে ২৯১ রান করেছেন রুট। বার্মিংহামে সিরিজের শেষ টেস্টে ৮৭ রান করেন তিনি। এই ইনিংস খেলার পথে টেস্টে সপ্তম ও ইংল্যান্ডের দ্বিতীয় ব্যাটার হিসেবে ১২ হাজার রান পূর্ণ করেন রুট। সিরিজে দুর্দান্ত পারফরমেন্সের পুরস্কার হিসেবে ১৩ মাস পর আবারো টেস্টের শীর্ষস্থান ফিরে পান তিনি। গত বছরের জুনে সর্বশেষ শীর্ষে ছিলেন রুট। ২০১৫ সালের আগস্টে প্রথম টেস্টের পর সিংহাসন দখল করেছিলেন তিনি।

শীর্ষস্থান হারিয়ে ৮৫৯ রেটিং নিয়ে দ্বিতীয়স্থানে নেমে গেছেন উইলিয়ামসন। তবে এক ধাপ করে উন্নতি হয়েছে পাকিস্তানের বাবর আজম, নিউজিল্যান্ডের ড্যারিল মিচেল, অস্ট্রেলিয়ার স্টিভেন স্মিথ ও ভারতের রোহিত শার্মার। বাবরের সাথে একই ৭৬৮ রেটিং নিয়ে যৌথভাবে তৃতীয়স্থানে আছেন মিচেল। ৭৫৭ রেটিং নিয়ে পঞ্চমস্থানে আছেন স্মিথ। ৬ রেটিং কম নিয়ে ষষ্ঠস্থানে রোহিত।

চার ধাপ পিছিয়ে সপ্তমস্থানে নেমে গেছেন ইংল্যান্ডের হ্যারি ব্রুক। ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে সদ্য শেষ হওয়া সিরিজে চার ইনিংসে ১৯৪ রান করেন তিনি। ব্যাটিং তালিকায় বাংলাদেশের মধ্যে সেরা অবস্থানে আছেন মুশফিকুর রহিম। ৬৩৪ রেটিং নিয়ে ২৫তমস্থানে আছেন তিনি। বোলিং তালিকায় ছয় ধাপ উন্নতি হয়েছে ইংল্যান্ডের পেসার মার্ক উডের। ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে বার্মিংহাম টেস্ট ৭ উইকেট নিয়ে ম্যাচ সেরা হন তিনি। ৬০৫ রেটিং নিয়ে ২০তমস্থানে জায়গা করে নিয়েছেন উড। ৭ ধাপ এগিয়ে ওয়েস্ট ইন্ডিজের জেইডেন সিলেস ২৬ ও সিরিজের সেরা ইংল্যান্ডের গাস অ্যাটকিনসন ৪ ধাপ এগিয়ে ৪৬ নম্বরে উঠেছেন। বোলার র‍্যাংকিংয়ে শীর্ষস্থান ধরে রেখেছেন ভারতের স্পিনার রবিচন্দ্রন অশ্বিন। এই তালিকায় বাংলাদেশের সেরা স্পিনার তাইজুল ইসলাম। ৬৫৪ রেটিং নিয়ে ১৬তম স্থানে আছেন তিনি। টেস্ট অলরাউন্ডারদের শীর্ষস্থান ধরে রেখেছেন ভারতের রবীন্দ্র জাদেজা। তার রেটিং ৪৪৪। ৩১০ রেটিং নিয়ে তৃতীয়স্থানে আছেন বাংলাদেশের সাকিব আল হাসান।

# প্রথমবার দ্বিপাক্ষিক সিরিজে
# মুখোমুখি দক্ষিণ আফ্রিকা-আফগানিস্তান



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** দীর্ঘ অপেক্ষার অবসান ঘটিয়ে প্রথমবার দ্বিপাক্ষিক সিরিজে মুখোমুখি হতে চলেছে দক্ষিণ আফ্রিকা ও আফগানিস্তান। আগামী সেপ্টেম্বরে তিন ম্যাচের ওয়ানডে সিরিজ খেলবে দুই দল।

আনুষ্ঠানিক বিবৃতিতে ৩১ জুলাই ক্রিকেট সাউথ আফ্রিকা (সিএসএ) জানিয়েছে, শারজাহতে এই সিরিজটি আয়োজন করবে আফগানিস্তান ক্রিকেট বোর্ড (এসিবি)।

আইসিসির ভবিষ্যৎ সফরসূচিতে নেই তিন ম্যাচের ওয়ানডে সিরিজটি। দুই দেশের ক্রিকেট বোর্ডের সমঝোতার মাধ্যমে চূড়ান্ত হয়েছে সূচি। সেপ্টেম্বরের ১৮, ২০ ও ২২ তারিখ হবে ম্যাচ তিনটি।

এরপর সংযুক্ত আরব আমিরাতের আবু ধাবিতে আয়ারল্যান্ডের বিপক্ষে পূর্ব নির্ধারিত দুই টি-টোয়েন্টি ও তিন ওয়ানডে খেলবে প্রোটিয়ারা। ওই দুই সিরিজের আয়োজক আইরিশরা। নিজ দেশের বাইরে সিরিজ আয়োজনের কথা আগেই জানিয়েছে তারা।

সিএসএ প্রধান লসন নাইডু আফগানিস্তানের বিপক্ষে সিরিজটিকে একটি উল্লেখযোগ্য মাইলফলক হিসেবে দেখছেন।

তিনি জানান, "আফগানিস্তানের সঙ্গে ঐতিহাসিক ওয়ানডে সিরিজের সূচনা করতে পেরে আমরা উচ্ছ্বসিত। ২০২৩ ওয়ানডে বিশ্বকাপ ও ২০২৪ টি-টোয়েন্টি বিশ্বকাপে তুমুল প্রতিদ্বন্দ্বিতা করে তারা সাম্প্রতিক সময়ে নিজেদের সামর্থ্যের ছাপ রেখেছে। আমাদের ক্রিকেটীয় সম্পর্কে এটি একটি উল্লেখযোগ্য মাইলফলক।"

২০১০ সালে প্রথমবার আন্তর্জাতিক ক্রিকেটে মুখোমুখি হয় আফগানিস্তান ও দক্ষিণ আফ্রিকা। এখন পর্যন্ত সব মিলিয়ে তিন টি-টোয়েন্টি ও দুটি ওয়ানডে খেলেছে দুই দল। সবগুলো ম্যাচই আইসিসি টুর্নামেন্টের।

আফগানদের বিপক্ষে সিরিজ খেলার আগে ক্যারিবিয়ানে গিয়ে দুই টেস্ট ও তিন টি-টোয়েন্টি খেলবে দক্ষিণ আফ্রিকার। আর প্রোটিয়া সিরিজের আগে ভারতের গ্রেটার নয়ডায় নিউ জিল্যান্ডের বিপক্ষে একটি টেস্ট খেলবে আফগানিস্তান।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR